# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২৩

# নিয়মাবলি

এপ্রিল, ২০২৩

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বাংলাদেশ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন, ই-৬/বি (১১-১২ তলা), আগারগাঁও, ঢাকা – ১২০৭

# সূচিপত্র

**১. জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ........ 1**

১.১ ভূমিকা ........ 1

১.২ দক্ষতার সংজ্ঞা ........ 1

১.৩ দক্ষতা প্রতিযোগিতার মূল্যবোধ ........ 1

১.৪ দক্ষতা প্রতিযোগিতার দলিলপত্র ........ 1

১.৫ প্রতিযোগিতার সময়কাল ........ 2

১.৬ শৃঙ্খলামূলক ব্যবস্থা ........ 2

**২. প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক কাঠামো ........ 3**

২.১ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা কেন্দ্রীয় কমিটি ........ 3

২.২ আয়োজক সংস্থা ........ 3

২.৩ আয়োজক সংস্থার দায়িত্ব ........ 3

২.৪ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ব্রান্ডিং ........ 3

২.৫ মেধা স্বত্ব ........ 3

২.৬ প্রতিযোগিতার উপযোগী অবকাঠামো ........ 3

২.৭ প্রতিযোগিতার সূচি অনুযায়ী প্রতিযোগিতা স্থলের লে-আউট প্রণয়ন ........ 4

২.৮ স্বাস্থ্য ঝুকি, নিরাপত্তা ও পরিবেশ ........ 4

২.৯ আয়োজক সংস্থার পক্ষে দায়িত্ব পালন ........ 4

**৩. প্রতিযোগিতার ট্রেডসমূহ ........ 5**

৩.১ ট্রেড বাছাইয়ের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ ........ 5

৩.২ নির্বাচিত ট্রেডসমূহ ........ 5

**৪. রেজিস্ট্রেশন ........ 6**

৪.১ রেজিষ্ট্রেশন ........ 6

৪.২ যারা রেজিষ্ট্রেশন বা নিবন্ধনের আওতায় আসবে ........ 6

৪.২.১ প্রতিযোগী রেজিস্ট্রেশন ........ 6

৪.২.২ প্রতিযোগীদের অভিভাবক ও দর্শনার্থীদের রেজিষ্ট্রেশন ........ 6

৪.২.৩ কর্মীদের রেজিষ্ট্রেশন ........ 6

৪.২.৪ অন্যান্যদের রেজিষ্ট্রেশন ........ 7

**৫. প্রবেশাধিকার ........ 8**

৫.১ প্রবেশাধিকার ........ 8

৫.২ রেজিস্ট্রেশন ব্যতিত প্রবেশাধিকার ........ 8
৫.২ প্রবেশাধিকার সীমিতকরন ........ 8
৫.৩ ওয়ার্কশপে প্রবেশাধিকার ........ 8
৫.৪ ওয়ার্কশপে সার্বক্ষনিক প্রবেশাধিকার ........ 8
৫.৫ বিশেষ পরিস্থিতিতে ওয়ার্কশপে প্রবেশাধিকার ........ 9
**৬. প্রতিযোগিতা সংশ্লিষ্টদের ভূমিকা ........ 10**
৬.১ প্রতিযোগী ........ 10
৬.১.১ প্রতিযোগীর যোগ্যতা ........ 10
৬.১.২ প্রতিবন্ধি প্রতিযোগী ........ 10
৬.২ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট জনবল (Management Workforce) ........ 10
৬.২.১ প্রধান ব্যবস্থাপক (Chief Manager) ........ 10
৬.২.২ সেক্টর ব্যবস্থাপক (Sectoral Mananger) ........ 11
৬.২.৩ ওয়ার্কশপ ব্যবস্থাপক (Workshop Manager) ........ 11
৬.২.৪ সেক্টর ব্যবস্থাপক ও ওয়ার্কশপ ব্যবস্থাপকের সম্পর্ক ........ 12
৬.২.৫ ট্রেড ব্যবস্থাপক (Trade manager) ........ 12
৬.২.৬ ওয়ার্কশপ কো-অর্ডিনেটর (Workshop Coordinator) ........ 12
৬.২.৭ ট্রেড ব্যবস্থাপক ও ওয়ার্কশপ কো-অর্ডিনেটরের সম্পর্ক ........ 13
৬.২.৮ ওয়ার্কশপ সহকারী (Workshop Assistant) ........ 13
৬.২.৯ আইনকানুন ও বিধি বিধান প্রতিপালন ........ 13
৬.২.১০ ব্যবস্থাপক নিয়োগ ........ 13
৬.২.১১ প্রধান ব্যবস্থাপক, সেক্টর ব্যবস্থাপক ও ওয়ার্কশপ ব্যবস্থাপক নিয়োগের শর্তাবলি ........ 13
৬.৩ বিশেষজ্ঞ (Expert) ........ 14
৬.৩.১ প্রধান দক্ষতা বিশেষজ্ঞ (Chief Skills Expert) ........ 14
৬.৩.২ প্রধান দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগের শর্তাবলী ........ 14
৬.৩.৩ সেক্টর দক্ষতা বিশেষজ্ঞ বা অ্যাসেসর ........ 14
৬.৩.৪ ট্রেডভিত্তিক দক্ষতা বিশেষজ্ঞ ........ 15
৬.৩.৫ দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগের শর্তাবলী ........ 15
৬.৩.৬ দক্ষতা বিশেষজ্ঞদের কাজ: ........ 15
৬.৩.৭ প্রতিযোগিতা চলাকালীন করনীয় ........ 15
৬.৩.৮ প্রতিযোগিতা শেষে করনীয় ........ 16

৬.৩.৯ টুল বক্স পরীক্ষা ........ 16
৬.৪ দক্ষতা বিচারক বা অ্যাসেসর (Skills Assessor) ........ 16
৬.৪.১ প্রধান বিচারক বা অ্যাসেসর (Chief Assessor) ........ 16
৬.৪.২ সেক্টর দক্ষতা বিচারক বা অ্যাসেসর ........ 16
৬.৪.৩ দক্ষতা বিচারক বা অ্যাসেসর ........ 16
৬.৪.৪ দক্ষতা বিচারক বা অ্যাসেসর নিয়োগের শর্তাবলী ........ 16
৬.৪.৫ তৃতীয় পক্ষের সহযোগিতা নিষিদ্ধ ........ 17
৬.৪.৬ প্রতিযোগীদের সাথে প্রতিযোগিতার পূর্বে যোগাযোগ বা তথ্য প্রদান নিষিদ্ধ ........ 17
৬.৪.৭ বিশেষ ব্যবস্থা ........ 17
৬.৬ মান নিরীক্ষক (Quality Auditor) ........ 17
৬.৬.১ মান নিরীক্ষকের দায়িত্ব ........ 17
৬.৬.২ প্রতিযোগিতার সমস্যা সমাধানে বিরত থাকা ........ 17
৬.৮ দক্ষতা উপদেষ্টা (Skills Advisor) ........ 18
৬.৮.১ দক্ষতা উপদেষ্টার নিয়োগ ........ 18
৬.৮.২ দক্ষতা উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য ........ 18
৬.৮.৩ জবাবদিহিতা ........ 18
৬.৯ আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা (Standard and Assessment Advisor) ........ 18
৬.৯.১ আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টার যোগ্যতা ........ 18
৬.৯.২ তত্ত্বাধনায়ন ও সীমাবদ্ধতা ........ 19
৬.৭ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি ........ 19
৬.৭.১ কমিটির কার্যাবলি ........ 19
৬.৮ প্রতিযোগিতা বাস্তবায়ন উইং ........ 19
৬.৯ নৈতিকতা কমিটি ........ 19
৬.১০ আপীল কমিটি ........ 20
৬.১১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ মূল্যায়ন কমিটি ........ 20
**৭. প্রতিযোগিতা ব্যবস্থাপনা ........ 21**
৭.১ প্রতিযোগীদের জন্য করণীয় ........ 21
৭.২ প্রতিযোগীদের প্রতি আয়োজক সংস্থা এর দায়িত্ব ........ 21
৭.১.১ সততা, নিরপেক্ষতা এবং স্বচ্ছতা ........ 21
৭.১.২ ব্যক্তিগত তথ্য ........ 22

৭.২ প্রতিযোগিতার সময় যা করনীয় ........ 22
৭.২.১ কাজ শুরু ও সমাপ্তি ........ 22
৭.২.২ অতিরিক্ত সময় ........ 22
৭.২.৩ প্রতিযোগীর সাথে যোগাযোগ ........ 22
৭.২.৪ ত্রুটি বিচ্যুতি নির্ণয়ে দক্ষতা ........ 23
৭.২.৫ অসুস্থতা বা দুর্ঘটনা ........ 23
৭.২.৬ স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ ........ 23
৭.৩ প্রতিযোগিতা পরবর্তী মত বিনিময় ........ 23
৭.৩.১ অভিজ্ঞতা ও মত বিনিময় ........ 23
৭.৩.২ গুছানো ........ 23
৭.৪ যন্ত্রপাতি, টুলস ও উপকরণ হস্তান্তর ........ 24
**৮. কারিগরি বর্ণনা ........ 25**
৮.১ প্রতিযোগিতার কারিগরি বর্ণনা ........ 25
৮.২ অগ্রাধিকার ........ 25
৮.৩ প্রাপ্যতা ........ 25
৮.৪ কারিগরি বর্ণনা এবং অবকাঠামো তালিকা সময়োপযোগী করন ........ 25
৮.৫ দক্ষতা নিয়মাবলি ........ 26
**৯. অবকাঠামো তালিকা ........ 27**
৯.১ অবকাঠামো তালিকা ........ 27
৯.২ সময়োপযোগীকরণ ........ 27
৯.৩ প্রকাশনা ........ 27
৯.৪ উপকরণ ও যন্ত্রপাতি সরবরাহ ........ 27
৯.৫ হারানো দ্রব্যাদি ........ 27
৯.৬ বিকল্প/ অতিরিক্ত উপকরণ ........ 27
৯.৭ প্রতিযোগীর ব্যক্তিগত টুলস ........ 28
৯.৭.১ প্রতিযোগীর ব্যক্তিগত টুলস ........ 28
৯.৭.২ ব্যক্তিগত টুলবক্স ........ 28
৯.৭.৩ ব্যক্তিগত টুলবক্স নীতি ........ 28
৯.৭.৪ ব্যক্তিগত টুলবক্সের আকার ........ 28
৯.৭.৫ কোন টুলস না থাকা ........ 29

৯.৭.৬ ব্যক্তিগত টুলবক্স পরীক্ষা ........................................................ 29
৯.৭.৭ প্রতিযোগিতা স্থল থেকে ব্যক্তিগত টুলবক্স সরানো ........................................................ 29
**১০. টেষ্ট প্রজেক্ট ........................................................ 30**
১০.১ টেষ্ট প্রজেক্ট ........................................................ 30
১০.২ টেষ্ট প্রজেক্ট বাস্তবায়ন কাল এবং পরিধি ........................................................ 30
১০.৩ উপকরণ ও যন্ত্রপাতির ব্যবহার ........................................................ 30
১০.৪ টেষ্ট প্রজেক্টের ছক ........................................................ 30
১০.৫ বিশেষজ্ঞ ব্যক্তিদের সহায়তা ........................................................ 30
১০.৬ বৈধকরণ ........................................................ 31
১০.৭ টেষ্ট প্রজেক্ট নির্বাচন ........................................................ 31
১০.৮ গোপনীয়তা ........................................................ 31
১০.৯ টেষ্ট প্রজেক্টের ধরণ ........................................................ 31
১০.৯.১ অঘোষিত ও ঘোষিত টেষ্ট প্রজেক্ট ........................................................ 31
১০.৯.২ টেষ্ট প্রজেক্ট ঘোষণা ও বিতরণ ........................................................ 32
১০.৯.৩ যন্ত্রপাতি ও উপকরণের সাথে সমাস্যতা ........................................................ 32
১০.৯.৪ অঘোষিত প্রজেক্টে বিশেষজ্ঞদের অনুমোদন ........................................................ 32
১০.১০ মূল্যায়ন প্রক্রিয়া অবহিতকরন ........................................................ 32
১০.১০.১ নন মডিউলার প্রজেক্ট ........................................................ 32
১০.১০.২ মডিউলার প্রজেক্ট ........................................................ 33
১০.১০.৩ নম্বর পত্র প্রদান করা ........................................................ 33
১০.১১ মেধা স্বত্ব ........................................................ 33
১০.১২ বাস্তবায়িত টেষ্ট প্রজেক্ট সমূহের নিরাপত্তা ........................................................ 33
১০.১৩ সমাপ্ত প্রকল্পের মালিকানা ........................................................ 33
**১১. মূল্যায়ন ও নম্বর প্রদান ........................................................ 34**
১১.১ টেষ্ট প্রজেক্ট মূল্যায়ন ও নম্বর প্রদান ........................................................ 34
১১.১.১ মূল্যায়ন ও নম্বর প্রদান ........................................................ 34
১১.১.২ মূল্যায়ন (Assessment) ........................................................ 34
১১.১.৩ নম্বর প্রদান (Marking) ........................................................ 34
১১.২ দক্ষতা আদর্শমানসমূহের বিবরনী ........................................................ 34
১১.২.১ গুরুত্ব (Weightings) ........................................................ 34

১১.৩ মূল্যায়ন পদ্ধতি (Assessment Methods) .................................................35
১১.৩.১ পরিমাপ (Measurement)................................................................35
১১.৩.২ ভিত্তি মানদন্ড (Benchmarks) ...........................................................35
১১.৪ মূল্যায়ন প্রশিক্ষন.............................................................................35
১১.৫ নম্বর বিন্যাস (Marking Scheme) ...........................................................36
১১.৫.১ নম্বর পরিমাপক (Scale of Marks) .....................................................36
১১.৫.২ মূল্যায়ন মানদন্ড (Assessment Criteria)..........................................36
১১.৫.৩ উপ বৈশিষ্ট্য (Sub Criteria)..............................................................36
১১.৫.৪ উপ বৈশিষ্ট্যের উপাদান (Aspect of Sub Criteria) ..............................37
১১.৫.৫ নম্বর বন্টন (Allocation of Marks)...................................................37
১১.৫.৬ নম্বর ফরম তৈরি ও ব্যবহার..................................................................37
১১.৫.৭ মার্কিং ফরম ল্যান্ডস্কেপ ফরমেট উপস্থাপন..............................................37
১১.৬ পরিমাপকের ভিত্তিতে মূল্যায়ন পদ্ধতি.........................................................37
১১.৬.১ বিচারিক বিবেচনার ভিত্তিতে মূল্যায়ন পদ্ধতি .............................................38
১১.৬.২ প্রতিযোগীর উপস্থিতিতে মূল্যায়ন...........................................................38
১১.৬.৩ মূল্যায়ন কার্য সামাধা ........................................................................38
১১.৭ মার্ক চূড়ান্তকরণ ...............................................................................38
**১২.বিরোধ ও বিরোধ নিস্পত্তি..........................................................................40**
১২.১ ঘোষিত ফলাফলে আপত্তি.......................................................................40
১২.১.২ রিভিউ প্যানেল গঠন..........................................................................40
১২.১.৩ আপীল কমিটিতে উপস্থাপন .................................................................40
১২.১.৪ আপীল কমিটি সিদ্ধান্ত চূড়ান্ত ...............................................................40
১২.২ আপীল কমিটি গঠন ...........................................................................40
**১৩. যোগাযোগ স্থাপন ও প্রচার.......................................................................41**
১৩.১ প্রচার কার্যক্রম বাস্তবায়ন ......................................................................41
১৩.২ প্রচার মাধ্যম......................................................................................41
১৩.২.১ প্রচারের বিষয়বস্তু (কনটেন্ট):...............................................................41
১৩.২.২ ব্রান্ড এ্যাম্বাসেডর-এর মাধ্যমে প্রচার:......................................................41
১৩.৩ তথ্য বিনিময় (তথ্য অধিকার)..................................................................42
১৩.৪ প্রচার কৌশল.....................................................................................42

১৩.৫ ডকুমেন্টেশন....................................................................................................42
১৩.৬ প্রচারণার বাজেট ..................................................................................................42
১৩.৭ প্রচার-প্রচারণার সুষ্ঠু বাস্তবায়নে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীর সহায়তা :.........................43
১৩.৮ অংশীদারিত্ব: .......................................................................................................43
১৩.৯ দর্শনার্থীদের অবহিতকরন.......................................................................................43
১৩.৯ ছবি ও ভিডিও ধারণ.............................................................................................43
১৩.১০ ছবি ও ভিডিও ধারণে অন্যান্য অনুমোদিত ব্যক্তি..........................................................43
**১৪. পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ...........................................................................44**
১৪.১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ .........................................................................44
১৪.১.১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকা....................................................44
১৪.১.২ প্রশিক্ষণ ও বাস্তবায়ন .......................................................................................44
১৪.১.৩ মান নিরীক্ষা .....................................................................................................44
১৪.২ বিশেষজ্ঞ, দক্ষতা উপদেষ্টা, মান নিরীক্ষক ও ওয়ার্কশপ ব্যবস্থাপকদের ভূমিকা.....................44
১৪.২.১ বিশেষজ্ঞদের ভূমিকা .........................................................................................44
১৪.২.২ দক্ষতা উপদেষ্টার ভূমিকা ....................................................................................44
১৪.২.৩ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ভূমিকা ...............................................................45
১৪.২.৪ মান নিরীক্ষকের ভূমিকা.......................................................................................45
১৪.৩ প্রতিযোগীদের টুলসের নিরাপত্তা পরীক্ষা বাধ্যতামূলক ....................................................45
১৪.৪ ওয়েবসাইটে প্রকাশ.................................................................................................45
১৪.৫ টেকসই নীতি (Sustainability Policy)......................................................................45
১৪.৫.১ পলিসি এবং প্রক্রিয়া ..........................................................................................45
১৪.৫.২ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আয়োজন প্রতিষ্ঠান......................................................45
১৪.৫.৩ আয়োজক প্রতিষ্ঠানের দায়িত্ব..............................................................................45
১৪.৫.৪ বিশেষজ্ঞদের দায়িত্ব...........................................................................................46
**১৫. জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী (National skills standards specification (NSSS))...................................................................................................................47**
১৫.১ জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী ............................................................................47
১৫.২ আদর্শমান বিবরনী অংশ..........................................................................................47
১৫.৩ আদর্শমান বিবরনী অনুযায়ীনম্বর বিন্যাস ......................................................................47
**১৬. প্রতিযোগিতায় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ........................................................49**

১৬.১ দক্ষতা প্রতিযোগিতায় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মের প্রয়োজনীয়তা .................................... 49
১৬.২ ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগে বিবেচ্য বিষয় ....................................................... 49
১৬.২.১ কাজের পরিধি ........................................................................................ 49
সহায়ক পুস্তকসমূহ ............................................................................................. 51

# ১. জাতীয় দক্ষতা প্রতিযোগিতা

## ১.১ ভূমিকা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০ এর বিধি ১৭ অনুযায়ী, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ নির্ধারিত পেশায় আন্তর্জাতিক দক্ষতা প্রতিযোগিতার সাথে সমন্বয় করে জাতীয় পর্যায়ে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করতে পারবে। জাতীয় দক্ষতা প্রতিযোগিতা দেশে বৃত্তি ও পেশাজীবি মানুষের জন্য তাদের নৈপূণ্য প্রদর্শনের একটি প্রতিযোগিতা। দেশের জেলা/বিভাগীয় পর্যায় থেকে বিভিন্ন বৃত্তি ও পেশায় নিয়োজিত মানুষের কর্ম নৈপূণ্যের বিষয়টি প্রতিযোগিতার মাধ্যমে তুলে এনে জাতীয় পর্যায়ে তাদের স্বীকৃতি প্রদান ও পুরস্কৃত করা এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য। জাতি গঠনে ও অর্থনৈতিক প্রবৃত্তি অর্জনে সমাজের সকল পেশার স্বীকৃতি প্রদানের মাধ্যমে তরুন সমাজকে বিভিন্ন পেশায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা এই প্রতিযোগিতার অন্যতম লক্ষ্য। যেকোন কাজ সুষ্ঠু ও সুচারুভাবে সম্পাদনে কিছু নিয়ম-কানুন ও পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন। স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিত করে মাঠ পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত প্রতিযোগিতা আয়োজনে জড়িত সকল পক্ষকে সঠিক ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্য জাতীয় দক্ষতা প্রতিযোগিতা নিয়মাবলি (এপ্রিল, ২০২৩ সংস্করণ) প্রণয়ন করা হয়েছে। এই নিয়মাবলি সকল প্রতিযোগিতা ও প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য এবং সকলের জন্য এই নিয়মাবলি অনুসরণ বাধ্যতামূলক।

## ১.২ দক্ষতার সংজ্ঞা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ অনুযায়ী, দক্ষতা অর্থে কোন একটি নির্দিষ্ট কাজ করার জন্য অর্জিত জ্ঞান ও কৌশল বা শিল্প ও বৃত্তির আদর্শমান অনুযায়ী দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদার মোতাবেক পণ্য ও সেবা উৎপাদনের সক্ষমতা ও সামর্থ অন্তর্ভুক্ত হবে। WorldSkills International এর মতে একটি দক্ষতা একটি নির্দিষ্ট দক্ষতা বোঝায়, যা সাধারণত শিক্ষা, প্রশিক্ষণ এবং অনুশীলন দ্বারা অর্জিত হয়।

## ১.৩ দক্ষতা প্রতিযোগিতার মূল্যবোধ

দক্ষতা প্রতিযোগিতা মূল মূল্যবোধ হল ন্যায় পরায়নতা, উৎকর্ষতা, বৈচিত্র, সততা, স্বচ্ছতা, অংশিদারিত্ব ও উদ্ভাবন। প্রতিযোগিতায় সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান এই মূল্যবোধ এবং জাতীয় দক্ষতা প্রতিযোগিতার নৈতিক মূল্যবোধ ও আচরণ নিয়মাবলিয় বর্ণিত বিধানাবলী অনুসরণ ও সমর্থন করবে। সংশ্লিষ্ট সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে স্ব-স্ব ক্ষেত্রে স্বচ্ছতা, ন্যায়পরায়নতা ও সততার উৎকর্ষতা প্রদর্শনে অঙ্গীকারবদ্ধ হবেন।

## ১.৪ দক্ষতা প্রতিযোগিতার দলিলপত্র

দক্ষতা প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট দলিলপত্র বলতে নিম্নের বিষয়গুলোকে বুঝাবে

ক) দক্ষতা প্রতিযোগিতা নিয়মাবলি,

খ) নৈতিক মূল্যবোধ ও আচরণ নিয়মাবলি,

গ) পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পরিবেশ সম্পর্কিত নির্দেশমালা,

ঘ) প্রতিযোগিতার আদর্শমান সংক্রান্ত নির্দেশমালা,

ঙ) প্রতিযোগিতার মূল্যায়ন সংক্রান্ত নির্দেশমালা,

চ) প্রতিযোগিতার টেষ্ট প্রজেক্ট এর কারিগরি বর্ণনা ও অবকাঠামোগত তালিকা এবং

ছ) এছাড়া প্রতিযোগিতার বিষয়ে সময়ে সময়ে জারীকৃত দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অন্যান্য নির্দেশনা ।

## ১.৫ প্রতিযোগিতার সময়কাল

প্রতিযোগিতার প্রস্তুতি ও বাস্তবায়ন একটি বিশাল কর্মযজ্ঞ এবং এতে বিভিন্ন ধরণের বহু লোকের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। এজন্য যথোপযুক্ত সময় হাতে রেখে বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতার তারিখ নির্ধারণ করা জরুরী। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনান্তে যথাসময়ে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতার তারিখ নির্ধারণ করবেন।

## ১.৬ শৃঙ্খলামূলক ব্যবস্থা

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার সাথে জড়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে যদি কোন অসদাচরণ, অস্বচ্ছতা পাওয়া যায় অথবা এই নিয়মাবলি অনুসরণে অস্বীকার করে বা নিয়মাবলির পরিপন্থি কোন কাজ করে বা প্রতিযোগিতার স্বার্থের পরিপন্থি কোন কাজ করে, তবে সে ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

# ২. প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক কাঠামো

## ২.১ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা কেন্দ্রীয় কমিটি

নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নের্তৃত্বে জাতীয় দক্ষতা প্রতিযোগিতার একটি কেন্দ্রীয় কমিটি থাকবে। এনএসডিএ কেন্দ্রীয় কমিটির একজন সদস্য সচিব মনোনয়ন দিবেন। বিভিন্ন মন্ত্রণালয়/ অধিদপ্তরের কর্মকর্তা, সংশ্লিষ্ট ট্রেডগুলোর প্রতিনিধিত্বকারী শিল্প দক্ষতা পরিষদের সভাপতি/ প্রধান নির্বাহী কর্মকর্তা, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধি সদস্য হিসাবে থাকবেন। এই কমিটি জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজনে ক্ষেত্রে সার্বিক দিক নির্দেশনা দিবেন ও অগ্রগতি পর্যালোচনা করবেন। মূলত দক্ষতা প্রতিযোগিতা কেন্দ্রীয় কমিটির জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজন ও বাস্তবায়ন তত্ত্বাবধায়ন করবেন।

## ২.২ আয়োজক সংস্থা

জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজনের সার্বিক কার্যাবলি সম্পাদনের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আয়োজক সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে।

## ২.৩ আয়োজক সংস্থার দায়িত্ব

আয়োজক সংস্থা অঞ্চলিক ও জাতীয় পর্যায়ে নির্ধারিত দক্ষতা বিষয়ে (Skills Trade) প্রতিযোগিতার আয়োজন করবে এবং প্রতিযোগিতাকে সফল করার জন্য ব্যাপক প্রচার প্রচারণা চালানো, পৃষ্ঠপোষক সংগ্রহ, প্রতিযোগিতার উপযোগী অবকাঠামো সৃষ্টিসহ প্রযোজ্য সকল কার্যাবলি সম্পাদন করবে।

## ২.৪ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ব্রান্ডিং

আয়োজক সংস্থা জাতীয় দক্ষতা প্রতিযোগিতাকে একটি প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার লক্ষ্যে ব্রান্ডিং সংক্রান্ত সকল কার্যাবলি সম্পাদন করবে।

## ২.৫ মেধা স্বত্ত্ব

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার মেধাস্বত্বের মালিকানা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের এর কাছে ন্যাস্ত থাকবে।

## ২.৬ প্রতিযোগিতার উপযোগী অবকাঠামো

ক) আয়োজক সংস্থা প্রতিযোগিতার প্রতিটি ট্রেডের জন্য প্রয়োজনীয় অবকাঠামো সুবিধা নিশ্চিত করবে। প্রতিযোগিতার জন্য নির্ধারিত স্টল তৈরি, যন্ত্রপাতি স্থাপন, কাঁচামালের যোগানসহ অবকাঠামো তালিকায় থাকা সকল সরঞ্জাম সরবরাহ নিশ্চিত করার ব্যবস্থা করবে।

খ) প্রতিযোগিতার জন্য নির্ধারিত প্রতিটি বিষয়ে টেস্ট প্রজেক্ট নির্ধারন, অবকাঠামো তালিকা তৈরি, প্রতিযোগিতার আদর্শমান নির্ধারণ, প্রতিযোগিতার মূল্যায়ন নির্দেশিকা ইত্যাদি প্রনয়ণ করে কেন্দ্রীয় কমিটির অনুমোদন গ্রহণ করবে।

গ) প্রতিযোগিতার প্রয়োজনে কারিগরি বিশেষজ্ঞ, বিচারক, প্রতিযোগিতা পরিচালনার জন্য প্রয়োজনীয় লোকবল, স্বেচ্ছাসেবক ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবে ।

ঘ) কেন্দ্রীয় কমিটির সম্মতিক্রমে প্রতিযোগিতার স্থান নির্ধারণ, প্রতিযোগিতা স্থলে উৎসবমূখর পরিবেশ তৈরি, উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের আয়োজনসহ যাবতীয় কর্মকান্ড সমাধা করবেন।

ঙ) প্রতিযোগিতাকালীন সময়ে উহার সুষ্ঠু বাস্তবায়ন তদারকির স্বার্থে, প্রতিযোগিতা স্থলে যথাপোযুক্ত সুবিধাদিসহ এনএসডিএ কর্মকর্তাদের বসার ব্যবস্থা করা।

চ) প্রতিযোগিতার নিয়মাবলি নৈতিকমূল্যবোধ ও আচরণ নিয়মাবলিতে বর্ণিত সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক প্রতিযোগিতার আয়োজন করা।

ছ) প্রতিযোগিতাকে উৎসবমূখর করার জন্য প্রতিযোগিতাস্থলে, প্রতিযোগিতার উপকরণের বাস্তব প্রয়োগের সাথে সংশ্লিষ্ট বিষয়াদির প্রদর্শন করার ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া দক্ষতা উন্নয়নে জড়িত প্রতিষ্ঠানগুলোকে তাদের সেবা ও পণ্য প্রদর্শনের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে।

## ২.৭ প্রতিযোগিতার সূচি অনুযায়ী প্রতিযোগিতা স্থলের লে-আউট প্রণয়ন

প্রতিযোগিতার সূচি ও ট্রেড অনুযায়ী প্রতিযোগিতা স্থলে লে-আউট প্রণয়ন,প্রতিযোগীদের নামের তালিকা প্রদর্শন, প্রতিযোগিতার বিষয় সম্বলিত পোস্টার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

## ২.৮ স্বাস্থ্য ঝুকি, নিরাপত্তা ও পরিবেশ

প্রতিযোগীদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংক্রান্ত বিধানাবলী ১৪ নং অধ্যায়ে বর্ণিত হয়েছে।

## ২.৯ আয়োজক সংস্থার পক্ষে দায়িত্ব পালন

প্রতিযোগিতা আয়োজনের স্বার্থে আয়োজক সংস্থা অন্য কোনো সহায়ক সংস্থার মাধ্যমে তার উপর অর্পিত দায়িত্বসমূহ পালনের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

# ৩. প্রতিযোগিতার ট্রেডসমূহ

## ৩.১ ট্রেড বাছাইয়ের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ

জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজনে প্রতিযোগিতার ট্রেডসমূহ বাছাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে।

**ক) দেশীয় পেশার প্রাসঙ্গিকতা:** জাতীয় দক্ষতা প্রতিযোগিতা দেশীয় শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য উপযুক্ত কর্মী খুঁজে পাওয়ার এবং প্রতিযোগীদের তাদের দক্ষতার সাথে সম্পর্কিত উপযুক্ত কর্মসংস্থান খুঁজে পাওয়ার একটি সুবর্ণ সুযোগ। তাই প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে দেশে যেসকল পেশার চাহিদা রয়েছে সেসকল পেশা সংশ্লিষ্ট ট্রেড বেছে নিতে হবে।

**খ) প্রতিযোগিতা আয়োজনের সাথে উপযুক্ততা:** প্রতিযোগিতা আয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং কার্যকরভাবে মূল্যায়ন করা যেতে পারে এমন ট্রেড বেছে নিতে হবে। উদাহরণস্বরূপ, যে সমস্ত ট্রেডে প্রতিযোগিতা সম্পন্ন করতে অনেক সময় প্রয়োজন, সে ট্রেডগুলো প্রতিযোগিতার জন্য উপযুক্ত নাও হতে পারে।

**গ) সরঞ্জাম ও উপকরণসমূহের প্রাপ্যতা:** ট্রেড নির্বাচন করার পূর্বে উক্ত ট্রেডে প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও উপকরণসমূহ দেশের অভ্যন্তরে প্রাপ্যতা আছে কি না তা যাচাই করতে হবে।

**ঘ) সেক্টরভিত্তিক ট্রেডের বৈচিত্র্য আনায়ন:** যে সকল ট্রেড নির্বাচন করা হবে তা যেন বিভিন্ন সেক্টরের এবং বিভিন্ন শিল্প ও দক্ষতার প্রতিনিধিত্ব করে। একই ধরণের একাধিক ট্রেড নির্বাচন পরিহার বাঞ্ছনীয়।

**ঙ) বাংলাদেশের জন্য সম্ভাবনাময় ও উদীয়মান ট্রেড নির্বাচন:** যে সকল ট্রেড বাংলাদেশের চাকরির বাজারের জন্য সম্ভাবনাময় সেসকল ট্রেড নির্বাচনে বিশেষ গুরুত্ব দিতে হবে।

**চ) নিরাপত্তাসংশ্লিষ্ট বিবেচ্য বিষয়:** এমন কোনো ট্রেড নির্বাচন করা যাবে না যেগুলো প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কিংবা দর্শনার্থীদের নিরাপত্তাকে ঝুকিপূর্ণ করে। নির্বাচিত ট্রেডগুলো অংশগ্রহণকারীদের জন্য যে নিরাপদ তা নিশ্চিতকরণপূর্বক এবং যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**ছ) সামাজিক ও অর্থনৈতিক প্রভাব:** ট্রেড নির্বাচনে উক্ত ট্রেডের সামাজিক ও অর্থনৈতিক প্রভাব বিবেচনা করতে। সমাজ ও অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলে এমন ট্রেড নির্বাচন করতে হবে।

**জ) সাংস্কৃতিক সংবেদনশীলতা:** ট্রেড নির্বাচন করার ক্ষেত্রে দেশীয় সাংস্কৃতিক কৃষ্টি বিবেচনা করতে হবে। সাংস্কৃতিকভাবে সংবেদনশীল বা আপত্তিকর হতে পারে এমন ট্রেড পরিহার করতে হবে।

**ঝ) বিশ্ব দক্ষতার সাথে সম্পৃক্ততা:** নির্বাচিত ট্রেড বিশ্ব দক্ষতার সাথে সংশ্লিষ্ট এবং আন্তর্জাতিক শ্রম বাজারের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এক্ষেত্রে WorldSkills International এর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

## ৩.২ নির্বাচিত ট্রেডসমূহ

দক্ষতা প্রতিযোগিতার নির্বাচিত ট্রেডসমূহ পরিশিষ্ট ক দ্রষ্টব্য।

# ৪. রেজিস্ট্রেশন

## ৪.১ রেজিষ্ট্রেশন

সুষ্ঠুভাবে প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রতিযোগী থেকে শুরু করে প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট সকলকে রেজিষ্ট্রেশনের আওতায় আনা প্রয়োজন। রেজিস্ট্রেশন প্রতিযোগিতার আগাম পরিকল্পনা করতে এবং অংশগ্রহণকারীদের সুযোগ-সুবিধা, প্রতিযোগিতার সরঞ্জামের প্রাপ্যততা ও সর্বপরি শৃংঙ্খলা রক্ষা করতে সহায়তা করে। প্রতিযোগীদের রেজিস্ট্রেন অনলাইনে সম্পন্ন করতে হবে। প্রতিযোগী ব্যতিত প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট অন্যান্য সকলের রেজিস্ট্রেশন ভেন্যুতে সম্পন্ন করা হবে।

## ৪.২ যারা রেজিষ্ট্রেশন বা নিবন্ধনের আওতায় আসবে

নিম্নের ব্যক্তিবর্গকে প্রতিযোগিতাস্থলে কাজ করার জন্য রেজিষ্ট্রেশন করতে হবে:

ক) সকল প্রতিযোগী
খ) প্রতিযোগীর অভিভাবক
গ) সকল বিশেষজ্ঞ
ঘ) সকল বিচারক
ঙ) স্পন্সর/ পৃষ্ঠপোষকের প্রতিনিধি (যদি থাকে),
চ) এনএসডিএ এর প্রতিনিধি
ছ) নিরাপত্তা কর্মী
জ) স্বেচ্ছাসেবক বাহিনী এবং
ঝ) প্রতিযোগিতা আয়োজনে জড়িত সকল ব্যক্তি

### ৪.২.১ প্রতিযোগী রেজিস্ট্রেশন

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার প্রতিযোগিরা তাদের পছন্দ অনুযায়ী যে কোন একটি ট্রেডে প্রতিযোগিতার জন্য অনলাইনে নির্ধারিত ফরমে নাম রেজিষ্ট্রেশন করতে পারবে। একজন প্রতিযোগী কোন অবস্থাতেই একাধিক ট্রেডে প্রতিযেগিতায় অংশ নিতে পারবে না। প্রতিযোগীদের রেজিস্ট্রেশন অনলাইনে ন্যাশনাল স্কিলস পোর্টালের (https://www.skillsportal.gov.bd/) মাধ্যমে সম্পন্ন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশনের পূর্ণাঙ্গ নির্দেশিকা পরিশিষ্ট-খ দ্রষ্টব্য।

### ৪.২.২ প্রতিযোগীদের অভিভাবক ও দর্শনার্থীদের রেজিষ্ট্রেশন

নিরাপত্তার স্বার্থে দর্শনার্থীদের প্রতিযোগিতা স্থলে প্রবেশের জন্য রেজিষ্ট্রেশন করতে হবে। এই রেজিষ্ট্রেশন শুধুমাত্র ১ দিনের বা তার অংশ বিশেষের জন্য প্রদান করা হবে।

### ৪.২.৩ কর্মীদের রেজিষ্ট্রেশন

প্রতিযোগিতার দক্ষতা বিশেষজ্ঞ, বিচারক, নিরাপত্তাকর্মী ও স্বেচ্ছাসেবকসহ প্রতিযোগিতার সাথে জড়িত সংশ্লিষ্ট সকলেই প্রতিযোগিতাকালীন সময়ের জন্য নিবন্ধিত হতে হবে ।

### ৪.২.৪ অন্যান্যদের রেজিস্ট্রেশন

পৃষ্ঠপোষক বা তার প্রতিনিধি, এনএসডিএ কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পৃথক নিবন্ধনের ব্যবস্থা থাকবে।

# ৫. প্রবেশাধিকার

## ৫.১ প্রবেশাধিকার

প্রতিযোগিতা সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা ও নিরাপত্তার স্বার্থে আয়োজক সংস্থা প্রতিযোগিতা চলাকালীন প্রতিযোগিতাস্থলে প্রবেশাধিকার নিয়ন্ত্রন করবে। রেজিষ্ট্রেশন ব্যতিত অন্য কেউ যাতে প্রতিযোগিতা স্থলে প্রবেশ করতে না পারে সেজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

## ৫.২ রেজিস্ট্রেশন ব্যতিত প্রবেশাধিকার

নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ রেজিস্ট্রেশন ব্যতিত যে কোন সময়ে প্রতিযোগিতা স্থলে প্রবেশ করতে পারবেন।

ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ে উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, এনএসডিএ এর নির্বাহী চেয়ারম্যান ও সরকারের সচিব পর্যায়ের কর্মকর্তাগণ

খ) এনএসডিএ এর সদস্যবৃন্দ ও অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাগণ

গ) এনএসডিএ এর সাথে সংশ্লিষ্ট সকল দপ্তর/ সংস্থার প্রধানগণ

ঘ) শিল্প দক্ষতা পরিষদের চেয়ারম্যানগণ এবং

ঙ) এনএসডিএ কর্তৃক প্রদত্ত ভিভিআইপি/ ভিআইপি পাস সম্বলিত ব্যক্তিবর্গ ।

## ৫.২ প্রবেশাধিকার সীমিতকরন

সর্বসাধারনের জন্য দক্ষতা প্রতিযোগিতা শুরুর পূর্বে বা প্রতিযোগিতা সমাপ্তি ঘোষনার পরে প্রতিযোগিতা স্থলে প্রবেশ নিষিদ্ধ থাকবে। তবে বিশেষ ব্যবস্থায় প্রতিযোগিতা শুরুর পূর্বে ক্ষেত্র বিশেষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, সাংবাদিক ও পর্যবেক্ষকদের প্রতিযোগিতাস্থল প্রদর্শনের ব্যবস্থা করতে পারবে।

## ৫.৩ ওয়ার্কশপে প্রবেশাধিকার

প্রতিযোগিতাস্থলে তৈরি ওয়ার্কশপে যে কেহ প্রবেশ করতে পারবে না। শুধুমাত্র প্রতিযোগি, কারিগরি বিশেষজ্ঞ, বিচারক ও সংশ্লিষ্ট ওয়ার্কশপের দায়িত্বে থাকা ব্যক্তিরা ওয়ার্কশপে প্রবেশাধিকার পাবে। কোন প্রতিযোগী তার নিজের ওয়ার্কশপ ব্যতিত অন্য ট্রেডের ওয়ার্কশপে যেতে পারবেনা এবং নিজের ওয়ার্কশপের মধ্যেও অনুমতি ছাড়া নিজের ওয়ার্কস্টেশনের পরিবর্তে অন্যকারো ওয়ার্কষ্টেশনে যেতে পারবে না।

## ৫.৪ ওয়ার্কশপে সার্বক্ষনিক প্রবেশাধিকার

নিম্নের ব্যক্তিবর্গ যে কোন ওয়ার্কশপে যে কোন সময় প্রবেশ করতে পারবেন:

ক) প্রতিযোগিতা ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ

খ) বিশেষজ্ঞ ও বিচারকগণ

গ) দক্ষতা উপদেষ্টা

ঘ) মান নিয়ন্ত্রক

ঙ) আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা।

তবে উল্লেখিত ব্যক্তিবর্গ ওয়ার্কশপে অবস্থানকালে কোন প্রতিযোগীর সাথে যোগাযোগ করতে পারবে না। বিশেষ অবস্থায় যোগাযোগের প্রয়োজন হলে ওয়ার্কশপ ব্যবস্থাপক, বিশেষজ্ঞ বা বিচারকগণের উপস্থিতির প্রয়োজন হবে ।

## ৫.৫ বিশেষ পরিস্থিতিতে ওয়ার্কশপে প্রবেশাধিকার

বিশেষ পরিস্থিতিতে নিম্নের ব্যক্তিবর্গ পরিচয় প্রদান সাপেক্ষে ওয়ার্কশপে প্রবেশ করতে পারবেন।

ক) অগ্নিকান্ডের ক্ষেত্রে অগ্নি নির্বাপণ কর্মী,

খ) দুর্ঘটনা বা অসুস্থ্যতার ক্ষেত্রে চিকিৎসক বা স্বাস্থ্যকর্মী

গ) যন্ত্রপাতি মেরামতের প্রয়োজনে মেকানিক বা টেকনিশিয়ান

ঘ) বিদ্যুৎ সচল রাখার স্বার্থে বিদ্যুৎকর্মী এবং

ঙ) অপ্রীতিকর ঘটনা এড়াতে নিরাপত্তা কর্মী।

# ৬. প্রতিযোগিতা সংশ্লিষ্টদের ভূমিকা

## ৬.১ প্রতিযোগী

একজন প্রতিযোগী শুধুমাত্র একটি ট্রেডে এককভাবে অথবা দলগতভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। অর্থাৎ একজন প্রতিযোগী একটি ট্রেডে এককভাবে অথবা দলগতভাবে অংশগ্রহন করলে সে অন্য কোনো ট্রেডে (একক/ দলগত) অংশগ্রহণের সুযোগ পাবে না।

### ৬.১.১ প্রতিযোগীর যোগ্যতা

(১) প্রতিযোগিতা যে বছর অনুষ্ঠিত হবে সে বছর ৩১ ডিসেম্বর বা তার পূর্বে প্রতিযোগীর বয়স ২২ বছরের কম হতে হবে। উদাহরণস্বরূপ, প্রতিযোগিতা ২০২৩ সালে অনুষ্ঠিত হলে যে সকল প্রতিযোগীর জন্ম ২০০২ সালের ১ জানুয়ারি বা এর পরবর্তী তারিখে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এনআইডিতে প্রদত্ত বয়স বিবেচিত হবে। এনআইডি না থাকলে বার্থ রেজিষ্ট্রেশন অথবা এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন মোতাবেক প্রদত্ত বয়স বিবেচনা করা যেতে পারে।

(২) প্রতিযোগীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(৩) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য প্রতিযোগী বর্তমানে যে জেলার বাসিন্দা প্রতিযোগী সে জেলায় প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

### ৬.১.২ প্রতিবন্ধি প্রতিযোগী

এনএসডিএ সমাজের সকল ধরনের মানুষকে সাথে নিয়ে কাজ করতে দৃঢ় প্রতিজ্ঞ। একজন প্রতিবন্ধি ব্যক্তি ও জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন যদি তার প্রতিবন্ধিতা প্রতিযোগিতার নির্ধারিত ট্রেডে তার কাজ করার ক্ষেত্রে প্রতিবন্ধক হয়ে না দাড়ায়। একজন প্রতিবন্ধি প্রতিযোগী নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে না পারলে তাকে বিশেষ বিবেচনায় অতিরিক্ত সময় বরাদ্দ দেয়া যেতে পারে। এক্ষেত্রে বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। অতিরিক্ত সময় প্রতিযোগিতার মূল্যায়নে কোন প্রভাব ফেলবে না।

প্রতিবন্ধি প্রতিযোগীর টেস্ট প্রজেক্ট মূল্যায়নের জন্য এনএসডিএ পৃথক গাইডলাইন অনুসরণ করতে পারবে। কর্তৃপক্ষ ইচ্ছা করলে এবং পর্যাপ্ত সংখ্যক প্রতিযোগী পাওয়া গেলে নিয়মিত দক্ষতা প্রতিযোগিতার পাশাপাশি পৃথক টেস্ট প্রজেক্ট ও পৃথক মূল্যায়ন ব্যবহার মাধ্যমে প্রতিবন্ধি প্রতিযোগীদের জন্য জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আয়োজন করতে পারে।


## ৬.২ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট জনবল (Management Workforce)

### ৬.২.১ প্রধান ব্যবস্থাপক (Chief Manager)

প্রধান ব্যবস্থাপক জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজন ও সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পাদন করবেন। তিনি প্রতিযোগিতা সফল করার জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। প্রধান ব্যবস্থাপকের তত্ত্বাবধানে প্রতিটি সেক্টরের জন্য একজন সেক্টর ব্যবস্থাপক ও একজন ওয়ার্কশপ ব্যবস্থাপক কাজ করবেন।

### ৬.২.২ সেক্টর ব্যবস্থাপক (Sectoral Mananger)

প্রতিটি সেক্টরে প্রতিযোগিতা পরিচালনার জন্য একজন সেক্টর ব্যবস্থাপক থাকবেন। সেক্টর ব্যবস্থাপক ঐ সেক্টরের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম বাস্তবায়ন, তদারকি ও ব্যবস্থাপনা করবেন। সেক্টর ব্যবস্থাপকের অধীনে প্রতিটি ট্রেডের জন্য একজন করে ট্রেড ব্যবস্থাপক কাজ করবেন।




### ৬.২.৩ ওয়ার্কশপ ব্যবস্থাপক (Workshop Manager)

প্রতিটি সেক্টরে ওয়ার্কশপ ব্যবস্থাপনার জন্য একজন ওয়ার্কশপ ব্যবস্থাপক থাকবেন। ওয়ার্কশপ ব্যবস্থাপকের দায়িত্ব হবে:

- ট্রেড ভিত্তিক ওয়ার্কশপ স্থাপন,
- উপকরণ সংগ্রহ ও সরবরাহ,
- ওয়ার্কশপের নিরাপত্তা নিশ্চিত করা,
- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং পরিবেশের সুরক্ষা করা এবং
- ওয়ার্কশপ অঞ্চলের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা।

প্রতিটি ওয়ার্কশপ ব্যবস্থাপকের অধীনের প্রতিটি ট্রেডের জন্য একজন করে ওয়ার্কশপ কো-অর্ডিনেটর কাজ করবেন।

### ৬.২.৪ সেক্টর ব্যবস্থাপক ও ওয়ার্কশপ ব্যবস্থাপকের সম্পর্ক

সেক্টর ব্যবস্থাপক সংশ্লিস্ট সেক্টরের ওয়্যার্কশপ ব্যবস্থাপকের সাথে সার্বিক সমন্বয় রেখে কাজ করবেন।

### ৬.২.৫ ট্রেড ব্যবস্থাপক (Trade manager)

প্রতিটি ট্রেডে প্রতিযোগিতা পরিচালনার জন্য একজন ট্রেড ব্যবস্থাপক থাকবেন। তিনি সেক্টর ব্যবস্থাপকের অধীনে কাজ করবেন। একটি ট্রেডে প্রতিযোগীর সংখ্যা অধিক হলে উক্ত ট্রেডের জন্য আনুপাতিক হারে ট্রেড ব্যবস্থাপক সংখ্যা বাড়ানো যাবে। ট্রেড ব্যবস্থাপক নির্দিষ্ট ট্রেডে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম বাস্তবায়ন তদারকি ও ব্যবস্থাপনা করবেন। ট্রেড ব্যবস্থাপকের অধীনে একজন ট্রেড সহায়ক কাজ করবেন।

***প্রবেশাধিকার***

ট্রেড ব্যবস্থাপক প্রতিযোগিতা চলাকালীন প্রতিযোগীদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে পারবেন তবে প্রতিযোগিতার বিষয়ে কোন কারিগরি পরামর্শ বা তথ্য আদান প্রদান করতে পারবেন না ।

***অসুস্থ্যতা বা দুর্ঘটনা***

কোন প্রতিযোগী অসুস্থ্য হলে বা দুর্ঘটনা পতিত হলে ট্রেড ব্যবস্থাপক তার চিকিৎসার ব্যবস্থা, উদ্ধার তৎপরতা পরিচালনার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞ, সেক্টর ব্যবস্থাপক ও প্রধান ব্যবস্থাপককে অবহিত করবেন।

### ৬.২.৬ ওয়ার্কশপ কো-অর্ডিনেটর (Workshop Coordinator)

প্রতিটি ট্রেডে ওয়ার্কশপ ব্যবস্থাপনার জন্য একজন ওয়ার্কশপ কো-অর্ডিনেটর থাকবেন। তিনি ওয়ার্কশপ ব্যবস্থাপকের অধীনে কাজ করবেন। একটি ট্রেডে প্রতিযোগীর সংখ্যা অধিক হলে উক্ত ট্রেডের জন্য আনুপাতিক হারে ওয়ার্কশপ কো-অর্ডিনেটরের সংখ্যা বাড়ানো যাবে। একই ওয়ার্কশপে একাধিক ট্রেডের প্রতিযোগিতা অনুষ্ঠিত হলে একজন কো-অর্ডিনেটর একাধিক ট্রেডে দায়িত্ব পালন করতে পারবেন। ওয়ার্কশপ কো-অর্ডিনেটর নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেন।

- নির্ধারিত ট্রেডের জন্য ওয়ার্কশপে উপকরণ, সরঞ্জাম ও পর্যাপ্ত সুযোগ সুবিধা আছে কি না নিশ্চিত করা।
- সকল সরঞ্জাম কাজের জন্য উপযুক্ত কি না পরীক্ষা করা।
- অকেজো সরঞ্জাম প্রয়োজন অনুসারে মেরামত বা প্রতিস্থাপনের ব্যবস্থা করা।
- প্রতিযোগীদের ওয়ার্কশপে পেশাগত স্বাস্থ্য সুরক্ষা, নিরাপত্তা ও সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করা।

***উপস্থিতি***

ওয়ার্কশপ কো-অর্ডিনেটরগণ বিশেষজ্ঞদের প্রতিযোগিতা স্থলে উপস্থিত হওয়ার পূর্বেই ওয়ার্কশপ উপস্থিত হবেন এবং প্রতিযোগিতা চলাকালীন সময়ে সার্বক্ষনিকভাবে প্রতিযোগিতাস্থলে উপস্থিত থাকবেন। প্রতিযোগিতার

দৈনন্দিন কার্যক্রম শেষে মূল্যায়ক ও বিশেষজ্ঞাদের কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত ওয়ার্কশপ এলাকায় অবস্থান করবেন।

***নিরপেক্ষতা***

ওয়ার্কশপ কো-অর্ডিনেটরগণ সকল প্রতিযোগীর প্রতি নিরপেক্ষ আচরণ নিশ্চিত করবেন। টেষ্ট প্রজেক্ট নির্বাচনে বা মূল্যায়নে এবং নম্বর প্রদান প্রক্রিয়ার ওয়ার্কশপ কো-অর্ডিনেটরগণ অংশগ্রহণ করবেন না। তবে প্রয়োজনে বিশেষজ্ঞ ও বিচারকগণ ওয়ার্কশপ কো-অর্ডিনেটরের সাথে পরামর্শ করতে পারবে।

### ৬.২.৭ ট্রেড ব্যবস্থাপক ও ওয়ার্কশপ কো-অর্ডিনেটরের সম্পর্ক

ট্রেড ব্যবস্থাপক সংশ্লিস্ট ট্রেডের ওয্যার্কশপ কো-অর্ডিনেটরের সাথে সার্বিক সমন্বয় রেখে কাজ করবেন।

### ৬.২.৮ ওয়ার্কশপ সহকারী (Workshop Assistant)

প্রতিটি ট্রেডের অন্য অন্তত একজন ওয়ার্কশপ সহকারী থাকবেন যিনি ওয়ার্কশপ কো-অর্ডিনেটরের অধীনে কাজ করবেন। একাধিক ট্রেডের জন্য একজন ওয়ার্কশপ কো-অর্ডিনেটর দায়িত্ব পালন করলে, প্রতি ট্রেডের জন্য আলাদা আলাদা সহকারী নিয়োগ দিতে হবে। একই ওয়ার্কশপে অনুষ্ঠিত একাধিক ট্রেডের প্রতিযোগিতা অনুষ্ঠিত হলে একটি ট্রেডের সহকারীর উপর অন্য কোনো ট্রেডের দায়িত্ব বর্তাবে না। ওয়ার্কশপ সহকারীদের নিয়োগ আয়োজক সংস্থা প্রদান করবে এবং এগুলো খন্ডকালীন নিয়োগ হবে। নির্দিষ্ট ট্রেডের প্রতিযোগিতা শেষ হওয়ার সাথে সাথে নিয়োগ সমাপ্ত হবে।

### ৬.২.৯ আইনকানুন ও বিধি বিধান প্রতিপালন

প্রধান ব্যবস্থাপক প্রতিযোগিতা চলাকালীন সময়ে দেশে প্রচলিত আইন-কানুন, বিধি-বিধান, জাতীয় দক্ষতা প্রতিযোগিতার নিয়মাবলি, নৈতিকতা ও আচরণ নিয়মাবলি, পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকা যথাযথ অনুসরণের বিষয়টি নিশ্চিত করবেন।

### ৬.২.১০ ব্যবস্থাপক নিয়োগ

আয়োজক সংস্থা প্রতিযোগিতার সময়কালীন কর্মসম্পাদনের জন্য প্রধান ব্যবস্থাপক নিয়োগ দিবেন। নিয়োগকাল প্রতিযোগিতার প্রস্তুতি থেকে শুরু করে প্রতিযোগিতার মেয়াদ শেষ হওয়া পর্যন্ত হবে। এছাড়াও আয়োজক সংস্থা প্রধান ব্যবস্থাপকের পরামর্শক্রমে সেক্টর ব্যবস্থাপক, ওয়ার্কশপ ব্যবস্থাপক এবং অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগের ব্যবস্থা করবেন।

### ৬.২.১১ প্রধান ব্যবস্থাপক, সেক্টর ব্যবস্থাপক ও ওয়ার্কশপ ব্যবস্থাপক নিয়োগের শর্তাবলি

একজন সেক্টর ব্যবস্থাপক বা প্রধান ব্যবস্থাপকের নিম্নোক্ত গুনাবলী থাকতে হবে;

- নির্ধারিত দক্ষতা বিষয়ে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ হতে হবে
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বা/এবং শিল্পে সম্পৃক্ততার বিষয়ে উন্নত জ্ঞান, বোধগম্যতা, দক্ষতার আদর্শমান ও মূল্যায়ন প্রক্রিয়ার বিশেষজ্ঞ হতে হবে
- লেখা ও বলার ক্ষেত্রে ভাল পারদর্শিতা থাকতে হবে

- ভাল ব্যবস্থপনা ও নেতৃত্বের দক্ষতা থাকতে হবে
- ভাল আন্তঃব্যক্তিক সম্পর্ক সৃষ্টি ও সচল রাখার দক্ষতা থাকতে হবে
- একজন সৎ ব্যক্তি হতে হবে
- প্রয়োজনে এনএসডিএ এর সাথে যোগাযোগের সক্ষমতা থাকতে হবে
- নিরাপত্তা সচেতন ও নিরাপত্তা সচেতনার বিষয়ে পর্যাপ্ত ধারণা থাকতে হবে
- সকলের সাথে মিলে মিশেকাজ করার মত স্বতঃস্ফূর্ততা থাকতে হবে এবং
- দায়িত্ব পালনে স্ব-উদ্দ্যোগী হতে হবে এবং প্রতিযোগিতা ব্যবস্থাপক হিসাবে কাজ করতে আগ্রহী হতে হবে।

## ৬.৩ বিশেষজ্ঞ (Expert)

### ৬.৩.১ প্রধান দক্ষতা বিশেষজ্ঞ (Chief Skills Expert)

আয়োজক সংস্থা একজন প্রধান দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগদান করবেন। নিয়োগকাল প্রতিযোগিতার প্রস্তুতি থেকে শুরু করে প্রতিযোগিতার মেয়াদ শেষ হওয়া পর্যন্ত হবে। তিনি জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সফল করার জন্য তার আওতাধীন বিষয়ে বিস্তারিত কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবেন। এছাড়া তিনি আয়োজক সংস্থার মাধ্যমে সেক্টরভিত্তিক ও ট্রেডভিত্তিক দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগের ব্যাবস্থা করবেন।

### ৬.৩.২ প্রধান দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগের শর্তাবলী

একজন প্রধান দক্ষতা বিশেষজ্ঞের নিম্নোক্ত গুনাবলী থাকতে হবে।

- নির্ধারিত দক্ষতা বিষয়ে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ হতে হবে।
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বা/এবং শিল্পের সম্পৃক্ততার বিষয়ে উন্নত জ্ঞান, বোধগম্যতা, দক্ষতার আদর্শমান ও মূল্যায়ন প্রক্রিয়ার বিশেষজ্ঞ হতে হবে।
- লেখা ও বলার ক্ষেত্রে ভাল পারদর্শিতা থাকতে হবে।
- ভাল ব্যবস্থাপনা ও নেতৃত্বের দক্ষতা থাকতে হবে।
- ভাল আন্তঃব্যক্তিক সম্পর্ক সৃষ্টি ও সচল রাখার দক্ষতা থাকতে হবে।
- একজন সৎ ব্যক্তি হতে হবে।
- প্রয়োজনে এনএসডিএ এর সাথে যোগাযোগের সক্ষমতা থাকতে হবে।
- নিরাপত্তা সচেতন ও নিরাপত্তা সচেতনার বিষয়ে পর্যাপ্ত ধারণা থাকতে হবে, সকলের সাথে মিলে মিশে কাজ করার মত স্বতঃস্ফূর্ততা থাকতে হবে।
- দায়িত্ব পালনে স্ব উদ্দ্যেগী হতে হবে এবং
- সেক্টর দক্ষতা বিশেষজ্ঞ ও প্রধান দক্ষতা বিশেষজ্ঞ হতে আগ্রহী হতে হবে।

### ৬.৩.৩ সেক্টর দক্ষতা বিশেষজ্ঞ বা অ্যাসেসর

প্রতিটি সেক্টরের জন্য নূন্যতম একজন সেক্টর দক্ষতা বিশেষজ্ঞ থাকতে হবে। সেক্টর দক্ষতা বিশেষজ্ঞদের অধীনে প্রতি ট্রেডের জন্য একজন ট্রেড দক্ষতা বিশেষজ্ঞ থাকবেন।

### ৬.৩.৪ ট্রেডভিত্তিক দক্ষতা বিশেষজ্ঞ

প্রতিটি ট্রেডের জন্য নূন্যতম একজন দক্ষতা বিশেষজ্ঞ থাকতে হবে। দক্ষতা বিশেষজ্ঞদের মধ্য থেকে বিচারক/অ্যাসেসর নিয়োগ দেয়া যেতে পারে ।

### ৬.৩.৫ দক্ষতা বিশেষজ্ঞ নিয়োগের শর্তাবলী

একজন দক্ষতা বিশেষজ্ঞের নিম্নোক্ত গুনাবলী থাকতে হবে।

- নির্ধারিত দক্ষতা বিষয়ে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ হতে হবে।
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বা/এবং শিল্পে সমৃক্ততার বিষয়ে উন্নত জ্ঞান, বোধগম্যতা, দক্ষতার আদর্শমান ও মূল্যায়ন প্রক্রিয়ার বিশেষজ্ঞ হতে হবে।
- ভাল আন্তঃব্যক্তিক সম্পর্ক সৃষ্টি ও সচল রাখার দক্ষতা থাকতে হবে।
- একজন সৎ ব্যক্তি হতে হবে।
- নিরাপত্তা সচেতন ও নিরাপত্তা সচেতনতার বিষয়ে পর্যাপ্ত ধারণা থাকতে হবে। এবং
- দায়িত্ব পালনে স্ব উদ্দ্যেগী হতে হবে ।

### ৬.৩.৬ দক্ষতা বিশেষজ্ঞদের কাজ:

দক্ষতা বিশেষজ্ঞদের কাজগুলো হল:

ক) দক্ষতা প্রতিযোগিতার বিষয়ের উপর ভিত্তি করে ঐ বিষয়ে প্রতিযোগিতার আদর্শমান নির্ধারণ করা,
খ) আদর্শমানের সাথে সম্পর্ক রেখে প্রতিযোগিতার বিষয়বস্তু নির্ধারণ করা,
গ) প্রতিযোগিতার বিষয়বস্তু ও সামগ্রিক ডিজাইন এবং ড্রইং করা,
ঘ) টেষ্ট প্রজেক্ট এর কারিগরি দিক বর্ণনা করা, এবং
ঙ) প্রতিযোগিতার মূল্যায়ন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় নম্বর বিন্যাস (Mark Scheme) মার্ক স্কীম তেরী করা ।

### ৬.৩.৭ প্রতিযোগিতা চলাকালীন করনীয়

বিশেষজ্ঞ/অ্যাসেসরগণ প্রতিযোগিতা চলাকালীন নিম্মুপ দায়িত্ব পালন করবেন।

- প্রতিযোগীদের কাছে টেস্ট প্রজেক্ট বর্ণনা করা
- টেষ্ট প্রজেক্টের মূল্যায়নের বিষয়বস্তু ও পদ্ধতি ব্যাখ্যা করা
- প্রতিযোগীদের প্রশ্নের উত্তর বা ব্যাখ্যা প্রদান
- প্রতিযোগীদের পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণের বিষয়ে দৃষ্টি রাখা
- প্রতিযোগীদের টুলবক্স পরীক্ষা করা
- অবকাঠামো তালিকা অনুযায়ী প্রতিযোগিতদের যন্ত্রপাতি, টুলস এবং কাঁচামাল/উপকরণ সরবরাহের ব্যবস্থা করা

- প্রতিযোগিতা চলাকালীন সময়ে প্রতিযোগিরা যাতে যথাযথ পদ্ধত্ যন্ত্রপাতি ও উপকরণ ব্যবহার করে তা তত্ত্বাবধান করা এবং
- প্রতিযোগিরা যাতে তৃতীয় কোন মাধ্যম বা পক্ষ থেকে সাহায্য নিতে না পারে তার উপর নজর রাখা

### ৬.৩.৮ প্রতিযোগিতা শেষে করনীয়

বিশেষজ্ঞ/ মূল্যায়কদের প্রতিযোগিতা শেষ হওয়ার নিম্নরূপ দায়িত্ব পালন করতে হবে।

- প্রতিযোগীকে প্রদত্ত যন্ত্রপাতি, টুলস ও বেঁচে যাওয়া উপকরণ সংগ্রহ করা,
- প্রতিযোগীদের দিয়ে ওয়ার্কশপ গুছিয়ে ও পরিষ্কার করে রাখার ব্যবস্থা করা।

### ৬.৩.৯ টুল বক্স পরীক্ষা

টেস্ট প্রজেক্ট এ বর্ণিত টুলস ছাড়া প্রতিযোগীর নিজস্ব টুল বক্সে অন্যকোন টুলস আছে কিনা তা যাচাই করে দেখতে হবে। বিশেষজ্ঞ প্রতিযোগীর টুলস বক্স পরীক্ষা করে তা নিশ্চিত করবেন।

## ৬.৪ দক্ষতা বিচারক বা অ্যাসেসর (Skills Assessor)

### ৬.৪.১ প্রধান বিচারক বা অ্যাসেসর (Chief Assessor)

আয়োজক সংস্থা প্রধান বিচারক বা অ্যাসেসর নিয়োগদান করবেন। নিয়োগকাল প্রতিযোগিতার প্রস্তুতি থেকে শুরু করে প্রতিযোগিতার মেয়াদ শেষ হওয়া পর্যন্ত হবে। তিনি জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সফল করার জন্য তার আওতাধীন বিষয়ে বিস্তারিত কর্ম পরিকল্পনা প্রণয়নও বাস্তবায়ন করবেন। তিনি আয়োজক সংস্থার মাধ্যমে ট্রেডভিত্তক দক্ষতা বিচারক বা অ্যাসেসর নিয়োগের ব্যাবস্থা করবেন।

### ৬.৪.২ সেক্টর দক্ষতা বিচারক বা অ্যাসেসর

প্রতিটি সেক্টরের জন্য নূন্যতম একজন সেক্টর দক্ষতা বিচারক বা অ্যাসেসর থাকবেন। সেক্টর দক্ষতা বিচারক বা অ্যাসেসরের অধীনে প্রতি ট্রেডের জন্য একজন দক্ষতা বিচারক বা অ্যাসেসর থাকবেন।

### ৬.৪.৩ দক্ষতা বিচারক বা অ্যাসেসর

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার সফল বাস্তবায়নে প্রতিযোগিতা মূল্যায়ন বা অ্যাসেমেন্ট অত্যন্ত গুরুত্বপুর্ণ। প্রতিটি দক্ষতা প্রতিযোগিতা ট্রেডের জন্য নূন্যতম তিনজন দক্ষতা বিচারক বা অ্যাসেসর থাকবেন।

### ৬.৪.৪ দক্ষতা বিচারক বা অ্যাসেসর নিয়োগের শর্তাবলী

একজন দক্ষতা বিচারক বা অ্যাসেসর নিম্নোক্ত গুনাবলী থাকতে হবে;

- নির্ধারিত দক্ষতা বিষয়ে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ হতে হবে।
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বা/এবং শিল্পের সম্পৃক্ততার বিষয়ে উন্নত জ্ঞান, বোধগম্যতা, দক্ষতার অদর্শমান ও মূল্যায়ন প্রক্রিয়ার অভিজ্ঞ হতে হবে।
- ভাল আন্ত:ব্যক্তিক সম্পর্ক সৃষ্টি ও সচল রাখার দক্ষতা থাকতে হবে।

- একজন সৎ ব্যক্তি হতে হবে।
- নিরাপত্তা সচেতন ও নিরাপত্তা সচেতনার বিষয়ে পর্যাপ্ত ধারণা থাকতে হবে।
- দায়িত্ব পালনে স্ব উদ্দ্যেগী হতে হবে।
- মূল্যায়করা তাদের মূল্যায়ন কার্যক্রম সততা ও স্বচ্ছতা সাথে সম্পূর্ণ করবেন।
- মূল্যায়নশীট পূরণ করে তা সেক্টর মূল্যায়কের নিকট হস্তান্তর করা এবং
- সেক্টর মূল্যায়কমূল্যায়নশীট পূরণ করে তা প্রধান মূল্যায়কের নিকট হস্তান্তর করা ।

### ৬.৪.৫ তৃতীয় পক্ষের সহযোগিতা নিষিদ্ধ

মূল্যায়ক ও বিশেষজ্ঞরা তাদের কাজে কোন অবস্থাতেই তৃতীয় পক্ষের সাহায্য নিতে পারবে না। তবে নিজেদের মধ্যে আলোচনা করে সিদ্ধান্ত নিতে পারবেন।

### ৬.৪.৬ প্রতিযোগীদের সাথে প্রতিযোগিতার পূর্বে যোগাযোগ বা তথ্য প্রদান নিষিদ্ধ

বিশেষজ্ঞ বা মূল্যায়করা কোন অবস্থাতেই প্রতিযোগিতার পূর্বে কোন প্রতিযোগীর সাথে যোগাযোগ রাখতে বা তথ্য প্রদান করতে পারবেন না। প্রতিযোগিতা চলাকালীন সময়ে সকল প্রতিযোগীকে ঘোষিত সকল তথ্য প্রদান করা যাবে তবে কোন প্রতিযোগীকেবিশেষ কোন তথ্য প্রদান করতে পারবেন না ।

### ৬.৪.৭ বিশেষ ব্যবস্থা

বিশেষ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হলে প্রধান বিচারক বা অ্যাসেসর সকল ওয়ার্কশপ ব্যবস্থাপকদের বিশেষ নির্দেশনা প্রদানসহ প্রতিযোগিতার স্বার্থে বিশেষ কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

## ৬.৬ মান নিরীক্ষক (Quality Auditor)

জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় একজন মান নিরীক্ষক থাকবেন যিনি আয়োজক সংস্থা কর্তৃক নিযুক্ত হবেন। তিনি মান নিয়ন্ত্রন কোনরুপ হস্তক্ষেপ ছাড়া সম্পুর্ন স্বাধীনভাবে কাজ করবেন।

### ৬.৬.১ মান নিরীক্ষকের দায়িত্ব

মান নিরীক্ষক নিম্নের দায়িত্বগুলি পালন করবেন।

- প্রতিযোগিতায় ব্যবহৃত সকল যন্ত্রপাতি প্রতিযোগিতার জন্য মানসম্মত কিনা তা নিরীক্ষা করবেন।
- প্রতিযোগিতা বিষয়বস্তু, প্রক্রিয়া পদ্ধতি ও মূল্যায়ন ব্যবহার নিরপেক্ষ ও উপযুক্ততা নিরীক্ষা করবেন।
- সঠিক মালামাল নিরপক্ষের জন্য মূল্যায়ন প্রক্রিয়া পর্যবেক্ষণ ও পরীবিক্ষণ করবেন এবং
- তিনি সরাসরি কেন্দ্রীয় কমিটির নিকট তার প্রতিবেদন দাখিল করিবেন এবং আয়োজক সংস্থাকে অনুলিপি দিবেন।

### ৬.৬.২ প্রতিযোগিতার সমস্যা সমাধানে বিরত থাকা

মান নিরীক্ষক প্রতিযোগিতার কোন সমস্যা সমাধানের সাথে যুক্ত হবেন না তবে এমন পরিস্থিতে তিনি দক্ষতা উপদেষ্টাকে অবহিত করবেন।

## ৬.৮ দক্ষতা উপদেষ্টা (Skills Advisor)

জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সুষ্ঠু পরিচালনা তত্ত্বাবধায়ন ও বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালনের জন্য একজন দক্ষতা উপদেষ্টা থাকবেন। দক্ষতা উপদেষ্টা জাতীয় ও আন্তর্জাতিক দক্ষতা প্রতিযোগিতা সম্পর্কে সুস্পষ্ট ধারণা, বাস্তব অভিজ্ঞতা এবং দক্ষতা সংশ্লিষ্ট সর্বোচ্চ নীতি নির্ধারক প্রতিষ্ঠানের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে ।

### ৬.৮.১ দক্ষতা উপদেষ্টার নিয়োগ

আয়োজক সংস্থা দক্ষতা উপদেষ্টা নিয়োগ দান করবেন।

### ৬.৮.২ দক্ষতা উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য

দক্ষতা উপদেষ্টা নিম্নের দায়িত্ব পালন করবেন;

- প্রতিযোগিতার সকল ব্যবস্থাপক, বিশেষজ্ঞ, বিচারক/ অ্যাসেসর, মান নিরীক্ষক, আদর্শমান ও মূল্যায়ক উপদেষ্টা নিয়োগে সহায়তা করবেন।
- টেষ্ট প্রজেক্ট নির্বাচনে আয়োজক সংস্থাকে সহায়তা প্রদান করবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষের সাথে সমন্বয় করবেন।
- প্রতিযোগিতার প্রতিটি বিষয়ের আদর্শমান, কারিগরি বর্ণনা, অবকাঠামো তালিকা ও মূল্যায়ন পদ্ধতির চূড়ান্ত করতে প্রয়োজনীয় বিশেষজ্ঞ ও মূল্যায়ক বাছাই, নিয়োগ ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রমে সহায়তা করবেন।
- সুষ্ঠু প্রতিযোগিতার স্বার্থে তিনি কারিগরি বিষয়ে যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন বা বিয়োজন করতে পারবেন।

### ৬.৮.৩ জবাবদিহিতা

দক্ষতা উপদেষ্টা তার কাজের জন্য প্রধানত আয়োজক সংস্থার নিকট জবাবদিহি থাকবেন। তবে প্রতিযোগিতা সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে দক্ষতা প্রতিযোগিতার কেন্দ্রীয় কমিটির সাথে পরামর্শ করবেন এবং প্রয়োজনে প্রতিযোগিতা অগ্রগতি সম্পর্কে সময়ে সময়ে প্রতিবেদন প্রদান করবেন।

## ৬.৯ আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা (Standard and Assessment Advisor)

আয়োজক সংস্থা দক্ষতা উপদেষ্টার পরামর্শক্রমে একজন আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা নিযুক্ত করবেন। আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা প্রতিযোগিতার বিষয়বস্তুর উপর প্রণীত কারিগরি বর্ণনা আদর্শমান আনির্ধারকসমূহ ও মূল্যায়নের ছক পরীক্ষা করে তা অনুমোদন দিবেন ।

### ৬.৯.১ আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টার যোগ্যতা

আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টার নিম্নের যোগ্যতা থাকা প্রয়োজন।

- দক্ষতা প্রতিযোগিতা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

- আদর্শমান ও মূল্যায়ন ব্যবস্থা সম্পর্কে ব্যাপক ও গভীর জ্ঞান থাকতে হবে, দক্ষতা প্রতিযোগিতা সম্পর্কিত মূল্যায়ন ব্যবস্থা তৈরির অভিজ্ঞতা থাকতে হবে এবং দক্ষতা প্রতিযোগিতার তথ্য ব্যবস্থপনা পদ্ধতি সম্পর্কে কার্যাপোযোগী জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে ।

#### ৬.৯.২ তত্ত্বাধনায়ন ও সীমাবদ্ধতা

আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা তার কাজের যাবতীয় বিষয়ে দক্ষতা উপদেষ্টার নিকট জবাবদিহি করবেন। তিনি কোন অবস্থাতেই কোন প্রতিযোগী বা বিশেষজ্ঞ বা মূল্যায়কের সাথে যোগাযোগ রাখতে পারবেন না।

### ৬.৭ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার সফল বাস্তবায়নের জন্য জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি গঠন করতে পারবে। এই কমিটি কর্তৃপক্ষের যে কোন সদস্যের নেতৃত্বে গঠিত হবে। এতে প্রবাসী কল্যান, কারিগরি শিক্ষা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি, সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদের যথাযোগ্য প্রতিনিধি ও অন্যান্য উপযুক্ত ব্যক্তিবর্গ সদস্য থাকবেন। কর্তৃপক্ষের উপপরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন ।

#### ৬.৭.১ কমিটির কার্যাবলি

বাস্তবায়ন কমিটি নিম্নের কার্যাবলি সম্পাদন করবেন।

- জাতীয় দক্ষতা প্রতিযোগিতার সকল ডকুমেন্ট পরীক্ষান্তে অনুমোদনের সুপারিশ করবেন।
- জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়নের অগ্রগতি তদারক করবেন।
- জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সফল বাস্তবায়নের আয়োজক সংস্থাকে সার্বিক সহায়তা প্রদান করবেন।
- প্রতিযোগিতার সুষ্ঠু বাস্তবায়নে প্রতিষ্ঠানিক সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করবেন ।

### ৬.৮ প্রতিযোগিতা বাস্তবায়ন উইং

আয়োজক সংস্থা জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সফল বাস্তবায়নের জন্য একটি পৃথক উইং প্রতিষ্ঠা করবে এবং এর জন্য নিবেদিত প্রাণ কর্মী নিয়োগ করবেন। দক্ষতা উপদেষ্টার নের্তৃত্বে এই উইং পরিচালিত হবে।

### ৬.৯ নৈতিকতা কমিটি

প্রতিযোগিতার স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিত করার লক্ষ্যে এনএসডিএ এর একজন সদস্যের নের্তৃত্বে একটি নৈতিকতা কমিটি কমিটি থাকবে। এতে আদর্শমান ও মূল্যায়ন উপদেষ্টা সদস্য থাকবেন। এনএসডিএ কমিটির অন্যান্য সদস্য নিয়োগ করবেন। এতে আয়োজক সংস্থার একজন প্রতিনিধি থাকবেন ।

## ৬.১০ আপীল কমিটি

এনএসডিএ প্রতিযোগিতাকালীন সময়ে উদ্ভূত বিরোধ নিষ্পত্তির জন্য তিন সদস্যের আপীল কমিটি গঠন করবে। এনএসডিএ এর একজন সদস্যের নের্তৃত্বে এই কমিটি গঠন করা যায়। মান নিরীক্ষক এই কমিটির একজন সদস্য হবেন। এনএসডিএ অভিজ্ঞ একজনকে সদস্য সচিব হিসাবে নিয়োগ দিবেন।

## ৬.১১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ মূল্যায়ন কমিটি

আয়োজক সংস্থা এনএসডিএ এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে তিন সদস্যের একটি পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ মূল্যায়ন কমিটি গঠন করা হবে। এই কমিটি প্রতিযোগিতার পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণের বিষয় মূল্যায়ন করে প্রতিযোগিতাকে নিরাপদ রাখার কাজ করবেন। কমিটি সরাসরি জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটির নিকট তার প্রতিবেদন দাখিল করিবেন এবং আয়োজক সংস্থাকে অনুলিপি দিবেন।

# ৭. প্রতিযোগিতা ব্যবস্থাপনা

## ৭.১ প্রতিযোগীদের জন্য করণীয়

| ক্র.নং | বিষয় | দায়িত্ব |
|---|---|---|
| ১. | এনএসডিএ এর ওয়েবসাইটের মাধ্যমে প্রতি প্রতিযোগীকে অনলাইন নিবন্ধনের মাধ্যমে সরাসরি সকল ডকুমেন্ট প্রবেশের সুযোগ প্রদান। | প্রতিযোগী/আয়োজক সংস্থা |
| ২. | কারিগরি বিবরণ প্রতিযোগিতা নিয়মাবলি মূল্যায়ণ প্রক্রিয়া, স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকাসহ প্রতিযোগীর জন্য প্রযোজন এমন সকল তথ্যে প্রবেশাধিকার প্রদান। | প্রধান দক্ষতা প্রতিযোগীতা ব্যবস্থাপক |
| ৩. | প্রতিযোগিতার স্থান ও সময়সূচি অবহিত করণ। | আয়োজক সংস্থা |
| ৪. | প্রতিযোগিতার পূর্বে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিযোগী ও আয়োজক সংস্থার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা। | প্রতিযোগী/আয়োজক সংস্থা |
| ৫. | প্রস্তুতি সময় প্রদান ও তথ্য সংরক্ষণ। | সংশ্লিষ্ট বিশেষজ্ঞ |
| ৬. | আপ্যায়ন, যোগাযোগ ও আইডি কার্ড প্রদান। | আয়োজক সংস্থা/ওয়ার্কশপ সহকারী |
| ৭. | উপকরণ সরবরাহ ও ওয়ার্ক স্টেশন প্রস্তুত করণ। | ওয়ার্কশপ সহকারী |

## ৭.২ প্রতিযোগীদের প্রতি আয়োজক সংস্থা এর দায়িত্ব

প্রতিযোগীদের নিকট নিম্নের তথ্যাদি পৌছানো নিশ্চিত করা আয়োজক সংস্থার দায়িত্ব।

- ওয়েব সাইটে প্রয়োজনীয় সকল তথ্যে প্রতিযোগীর প্রবেশাধিকার নিশ্চিত করা।
- প্রতিযোগিতার নিয়মাবলি এবং পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকা সম্পর্কে অবহিতকরণ।
- কারিগরি বর্ণনা ও অবকাঠামো তালিকা প্রদান।
- প্রতিযোগিতার শুরুর ১৫ দিন পূর্বে টেস্ট প্রজেক্ট হস্তান্তর এবং
- যে কোন অতিরিক্ত যন্ত্রপাতি বা টুলস বা উপকরণ সম্পর্কে নির্দেশনা প্রদান ।

### ৭.১.১ সততা, নিরপেক্ষতা এবং স্বচ্ছতা

প্রতিযোগিতা চলাকালীন সময়ে সততা, নিরপেক্ষতা, স্বচ্ছতাও ন্যায়বিচার পাওয়ার অধিকার প্রত্যেক প্রতিযোগীর রয়েছে। এর মধ্যে রয়েছে;

- সুস্পষ্ঠ ও দ্যর্থহীনভাবে লিখিত নির্দেশনা পাওয়া।
- কারিগরি বর্ণনায় ও অবকাঠামো তালিকায় বর্ণিত সকল যন্ত্রপাতি টুলস ও উপকরণ প্রতিটি প্রতিযোগীর ব্যবহারের জন্য প্রদান করা।
- কোন প্রতিযোগী যেন কোন অবৈধ সুবিধা নিতে না পারে তা নিশ্চিত করা, এর মধ্যে রয়েছে-

- একই সময়ে যেন সবাইকে টেষ্ট প্রজেক্ট সংক্রান্ত তথ্য প্রদান।
- সকল প্রতিযোগীর জন্য একইরূপ নম্বর তালিকা এবং
- বিশেষজ্ঞ ও অন্যান্য অফিসিয়াল কর্তৃক প্রতিযোগীদের টেষ্ট প্রজেক্টে কাজ করার জন্য একই রকম সহায়তা প্রদান করেতা নিশ্চিত করা।

### ৭.১.২ ব্যক্তিগত তথ্য

প্রত্যেক প্রতিযোগীকে তাদের পরিচয়ের সমর্থনে জাতীয় পরিচয়পত্র এবং জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্ম নিবন্ধন সনদ বা পাসপোর্ট প্রদর্শন করতে হবে।

## ৭.২ প্রতিযোগিতার সময় যা করনীয়

### ৭.২.১ কাজ শুরু ও সমাপ্তি

প্রধান দক্ষতা বিশেষজ্ঞ কর্তৃক কাজ শুরুর নির্দেশ না দেওয়া পর্যন্ত কোন প্রতিযোগী কাজ শুরু করবে না এবং সমাপনী ঘোষনার পর কোন কাজ করতে পারবে না।

### ৭.২.২ অতিরিক্ত সময়

যদি প্রধান দক্ষতা বিশেষজ্ঞ কর্তৃক সার্বিক অবস্থা পর্যালোচনায় প্রতীয়মান হয় যে টেষ্ট প্রজেক্ট সমাপ্ত করার জন্য অতিরিক্ত সময় প্রদান করা প্রয়োজন এক্ষেত্রে তিনি দক্ষতা উপদেষ্টার সাথে আলোচনাক্রমে অতিরিক্ত সময় প্রদান করতে পারবেন। তবে সময় বাড়ানোর পূর্বে সকল বিকল্প বিবেচনায় নিতে হবে। টেষ্ট প্রজেক্ট যদি মডিউলার হয় তবে কোন বিশেষ মডিউলে সকল প্রতিযোগীর জন্য সময় বৃদ্ধির প্রয়োজন হলে প্রধান দক্ষতা বিশেষজ্ঞ যুক্তিসঙ্গাত অতিরিক্ত সময় বরাদ্ধ করতে পারবেন। তবে যদি এতে প্রতিযোগিতার জন্য বরাদ্দ মোট সময়ের অতিরিক্ত সময়ের প্রয়োজন হয় তবে দক্ষতা উপদেষ্টার অনুমোদন নিতে হবে।

### ৭.২.৩ প্রতিযোগীর সাথে যোগাযোগ

***প্রতিযোগিতার সময়***

প্রতিযোগিতার সময় বলতে একজন প্রতিযোগী টেষ্ট প্রজেক্ট নিয়ে ওয়ার্ক ষ্টেশনে কর্মরত সময়কে বুঝায়। প্রতিযোগীর নিজস্ব বিশেষজ্ঞরা এই সময় প্রতিযোগীর সাথে কোনরূপ যোগাযোগ স্থাপন করতে পারবে না। প্রধান দক্ষতা বিশেষজ্ঞের অনুমোদন ছাড়া প্রতিযোগিতাচলাকালিন সময়ে অন্য কোন প্রতিযোগী বা অতিথি বা দর্শক প্রতিযোগীর সাথে যোগাযোগ করতে পারবেন না ।

***প্রতিযোগীর সাথে বিশেষজ্ঞদের যোগাযোগ***

প্রতিযোগিতা চলাকালিন সময়ে প্রধান দক্ষতা বিশেষজ্ঞ প্রয়োজনে প্রতিযোগিতা বন্ধ রেখে প্রতিযোগীদের মধ্যে

যোগাযোগ স্থাপন করতে পারবেন। এই ধরনের যোগাযোগ অবশ্যই মৌখিক হতে হবে। শব্দ ধারণযোগ্য কোন যন্ত্র বা কলম, কাগজ, মোবাইল ফোন এবং ইলেক্ট্রনিক যন্ত্র আদান প্রদান সম্পূর্ন নিষিদ্ধ। বিশেষজ্ঞরা প্রতিযোগীদেরটেষ্ট প্রজেক্টে কাজ করার ক্ষেত্রে সহায়তামূলক কোন তথ্য প্রদান বা সাহায্য করতে পারবেন না।

বিশেষজ্ঞরা মূল্যায়কদের সাথে পরামর্শক্রমে প্রতিযোগিতা শুরুর পূর্বে প্রতিযোগীর নিকট টেষ্ট প্রজেক্টটি ব্যাখ্যা করতে পারবেন ।

***প্রতিযোগিতার বাইরে যোগাযোগ***

প্রতিযোগীদের নিজস্ব বিশেষজ্ঞরা প্রতিযোগিতার সময়ের বাইরে তাদের প্রতিযোগীদের সাথে যোগাযোগ করতে পারবেন। তবে যদি প্রতিযোগিতায় টেষ্ট প্রজেক্টের ত্রুটি বিচ্যুতি নির্ধারনের বিষয় অন্তর্ভূক্ত থাকে তবে প্রতিযোগীদের বাইরে যেতে দেয়া যাবে না এবং কারো সাথে যোগাযোগের সুযোগ দেয়া যাবে না এবং এই ক্ষেত্রে দুপুরের খাবার ওয়ার্ক ষ্টেশনেই প্রদান করা হবে ।

### ৭.২.৪ ত্রুটি বিচ্যুতি নির্ণয়ে দক্ষতা

অনেক সময় টেষ্ট প্রজেক্ট ত্রুটি বিচ্যুতি নির্ণয়ের দক্ষতা পরীক্ষার জন্য কিছু ত্রুটি বিচ্যুতি সংযুক্ত করা হতে পারে। একজন নিরপেক্ষ বিশেষজ্ঞ পর্দায় আড়ালে এ কাজটি করে থাকেন। তবে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত বিশেষজ্ঞ এই ত্রুটি বিচ্যুতির বিষয়ে অবহিত থাকবেন না বা এ বিষয়ে প্রতিযোগীদের কোন ব্যাখ্যাও প্রদান করবেন না ।

### ৭.২.৫ অসুস্থতা বা দুর্ঘটনা

যদি কোন প্রতিযোগী অসুস্থ হয়ে পড়েন বা কোন দুর্ঘটনা ঘটে তবে তাৎক্ষনিকভাবে বিশেষজ্ঞ বিষয়টি প্রধান দক্ষতা বিশেষজ্ঞ এবং দক্ষতা উপদেষ্টাকে অবহিত করবেন। প্রধান দক্ষতা বিশেষজ্ঞ এই ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত সময়ের জন্য অতিরিক্ত সময় মঞ্জুর করতে পারেন। অসুস্থতা বা দুর্ঘটনার কারনে প্রতিযোগীকে সরিয়ে নিতে হলে প্রতিযোগী কর্তৃক সমাপ্ত কাজের মূল্যায়ন করে নম্বর দিতে হবে। প্রতিযোগীকে ফিরিয়ে আনার জন্য প্রয়োজনীয় সকল প্রদক্ষেপ গ্রহণ করতে হবে এর এইক্ষেত্রে ক্ষতির সময় ফিরিয়ে দিতে হবে। এই ঘটনা নির্দিষ্ট দুর্ঘটনা বা অসুস্থতার কারনে হয়েছে তা লিপিবদ্ধ করতে হবে এবং প্রতিযোগীর সময় সূচিতে লিখতে হবে ।

### ৭.২.৬ স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ

কোন প্রতিযোগী যদি পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণের প্রদত্ত নিষেধাজ্ঞা উপেক্ষা করেন তবে তাদের নম্বর কমে যেতে পারে। যদি কোন প্রতিযোগী ক্রমাগত এই সংক্রান্ত নির্দেশাবলী অমান্য করতে থাকেন তবে তাকে সাময়িকভাবে বা স্থায়ী ভাবে প্রতিযোগিতা থেকে বহিষ্কার করা যেতে পারে। সংশ্লিষ্ট বিশেষজ্ঞ এই রূপ উপেক্ষার বিষয় লিপিবদ্ধ করবেন এবং প্রতিযোগীকেঅবহিত করবেন ।

## ৭.৩ প্রতিযোগিতা পরবর্তী মত বিনিময়

### ৭.৩.১ অভিজ্ঞতা ও মত বিনিময়

প্রতিযোগিতা যখন শেষ হবে তখন প্রতিযোগীদের নির্দিষ্ট কিছু সময় দেয়া হবে যাতে তারা প্রতিযোগিতার বিষয়ে অন্য প্রতিযোগী ও বিশেষজ্ঞদের সাথে মত বিনিময় করতে পারেন ।

### ৭.৩.২ গুছানো

প্রধান দক্ষতা বিশেষজ্ঞ টুলস ও যন্ত্রপাতি গুছানোর নির্দেশ দিলে প্রতিযোগিরা তাদের ব্যবহৃত যন্ত্রপাতি টুলস ও বেঁচে যাওয়া উপকরণ গুছিয়ে, প্রতিযোগিতার স্থল পরিষ্কার পরিচ্ছন করে রাখবেন।

## ৭.৪ যন্ত্রপাতি, টুলস ও উপকরণ হস্তান্তর

প্রতিযোগীরা হস্তান্তরযোগ্য টুলস, যন্ত্রপাতি ও উপকরণ ওয়ার্কশপ ম্যানেজারের নিকট হস্তান্তর করার মাধ্যমে তাদের দায়িত্ব শেষ করবেন।

# ৮. কারিগরি বর্ণনা

## ৮.১ প্রতিযোগিতার কারিগরি বর্ণনা

প্রতিটি দক্ষতা প্রতিযোগিতার জন্য একটি কারিগরি বর্ণনা থাকবে যাতে নিম্নের বিষয়গুলি উল্লেখ করা হবে:

- দক্ষতা প্রতিযোগিতার নাম
- দক্ষতা প্রতিযোগিতার সাথে যুক্ত কাজ বা বৃত্তি/পেশা
- দক্ষতা বর্ণনা
- মূল্যায়ন নির্দেশিকা
- মূল্যায়ন নম্বর বিন্যাস
- আকৃতি বা কাঠামো
- টেষ্ট প্রজেক্ট উন্নয়ন, নির্বাচন, বৈধকরণ, প্রচার এবং ২৫% -৩০% পরিবর্তনের সুযোগ রাখা, দক্ষতা প্রতিযোগিতা অনুষ্ঠানের পদ্ধতি
- দক্ষতাটির বিষয়ে পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশগত ঝুঁকি এবং তার প্রতিকার পদ্ধতি
- উপকরণ যন্ত্রপাতি ও টুলসের তালিকা
- প্রতিযোগীকে সংগে আনতে হবে এইরুপ টুলসের তালিকা
- যে সমস্ত যন্ত্রপাতি, টুলস বা উপকরণ নিষিদ্ধ তার তালিকা
- কারিগরি বর্ণনায় প্রতিযোগিতা এলাকার ওয়্যার্কশপ ও ওয়্যার্কষ্টেশনের লে-আউট প্লান সংযুক্ত করা এবং
- প্রতিযোগিতা স্থলে আয়োজক সংস্থা কর্তৃক যে সমস্ত উপকরণ, যন্ত্রপাতি ও টুলস প্রদান করা হবে তা কারিগরি বর্ণনায় অন্তর্ভূক্ত না করে আবকাঠামো তালিকায় অন্তর্ভূক্ত করা।

## ৮.২ অগ্রাধিকার

কারিগরি বর্ণনা প্রতিযোগিতা নিয়মাবলির উপরে স্থান পাবে না। কোন সংশয় বা দ্বন্ধের ক্ষেত্রে প্রতিযোগিতা নিয়মাবলিতে বর্ণিত বিধান অগ্রাধিকার পাবে ।

## ৮.৩ প্রাপ্যতা

কারিগরি বর্ণনা প্রতিযোগিতা শুরুর ১ মাস পূর্বে বাংলায় জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ওয়েব সাইটে পাওয়া যাবে।

## ৮.৪ কারিগরি বর্ণনা এবং অবকাঠামো তালিকা সময়োপযোগী করন

বিশেষজ্ঞগণ প্রতিটি প্রতিযোগিতার পূর্বে শিল্প ব্যবসা ও বানিজ্যে অনুসৃত সর্বশেষ উৎকৃষ্ট পদ্ধতি বিবেচনায় নিয়ে সময়োপযোগী করতে পারবে।

সময়োপযোগী করণের আওতায় থাকবে:

- নতুন বিশেষ যন্ত্র বা টুলস এর ব্যবহার।
- কারিগরি বিবরনের তালিকায় কোন পরিবর্তন।
- দক্ষতার নির্দিষ্ট কোন বিধি বিধানে পরিবর্তন

কারিগরি বর্ণনা তৈরি এবং সময়োপযোগীকরনের ক্ষেত্রে কারিগরি বর্ণনার জন্য প্রনীত ছক ব্যবহার করতে হবে। কারিগরি বর্ণনা তৈরি, সময়োপযোগীকরন, মতামত গ্রহণ ও চুড়ান্ত করনের পর সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদ কর্তৃক পর্যালোচনার মাধ্যমে এটি নিশ্চিত করতে হবে যে সে কারিগরি বর্ণনাটি শিল্প ও বাণিজ্যের বর্তমান অবস্থার সাথে সংগতিপূর্ণ। বড় ধরনের কোন ব্যত্যয় বা বিচ্যুতি পাওয়া গেলে বিষয়টি দক্ষতা প্রতিযোগিতা ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপন করে চূড়ান্ত করতে হবে।

## ৮.৫ দক্ষতা নিয়মাবলি

দক্ষতা বিশেষজ্ঞগন প্রতিযোগিতার সময় কোন দক্ষতা ট্রেডের উপর সুনির্দিষ্ট কিছু বিধি বিধান প্রণয়ন করতে পারেন যা শুধুমাত্র ঐ ট্রেডের জন্যই প্রযোজ্য হবে, তবে এতে সেক্টর দক্ষতা বিশেষজ্ঞসহ সকল বিশেষজ্ঞের সম্মতি থাকতে হবে। অনুরূপ সম্মতি পাওয়া গেলে এটি কারিগরি বর্ণনার অংশ বলে বিবেচিত হবে। তবে এই ধরনের বিধি বিধান কোনভাবেই প্রতিযোগিতা নিয়মাবলির সাথে সংঘর্ষিক হতে পারবে না। পরিবর্তনের বিষয় অবশ্যই মূল্যায়কদের অবহিত করতে হবে।

ট্রেড ভিত্তিক দক্ষতা নির্দিষ্ট নিয়মাবলি প্রণয়নের মূল উদ্দেশ্য হল উক্ত ট্রেডটির বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা এবং কোন বিশেষ বিষয় স্পষ্টীকরন। এতে ব্যক্তিগত তথ্যপ্রযুক্তি সরঞ্জাম, তথ্য সংরক্ষণ ডিভাইস, ইন্টারনেট প্রবেশযোগ্যতা, প্রক্রিয়া ও কাজের ফ্লোচার্ট, তথ্যাদি সংরক্ষণ ব্যবস্থাপনা এবং বিতরণ পদ্ধতি অন্তর্ভূক্ত হতে পারে। তবে এর বাইরেও অন্যান্য বিষয় অন্তর্ভূক্ত হতে পারে ।

# ৯. অবকাঠামো তালিকা

## ৯.১ অবকাঠামো তালিকা

অবকাঠামো তালিকা বলতে প্রতিযোগিতার জন্য আয়োজক সংস্থা কর্তৃক প্রদত্ত যন্ত্রপাতি টুলস ও উপকরণের তালিকাকে বুঝাবে ।

## ৯.২ সময়োপযোগীকরণ

দক্ষতা উপদেষ্টার সাথে আলোচনাক্রমে প্রতিযোগিতার ৭ (সাত) দিন পূর্ব পর্যন্ত বিশেষজ্ঞগন কর্তৃক অবকাঠামো তালিকা সময়োপযোগী করা যাবে এবং বিষয়টি প্রধান ওয়ার্কশপ ম্যানেজারের মাধ্যমে সংশ্লিষ্ট ওয়ার্কশপ ব্যাবস্থাপকে অবহিত করতে হবে।

অবকাঠামো তালিকায় এমনকোন পরিবর্তন আনা যাবে না যা দক্ষতা প্রতিযোগিতার জন্য নির্ধারিত টেষ্ট প্রজেক্ট বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। সংশ্লিষ্ট ওয়ার্কশপ ব্যবস্থাপক প্রধান ওয়ার্কশপ ব্যবস্থাপকের সাথে আলোচনাক্রমে এ পরিবর্তনের বিষয় যথাযথ প্রস্তুতি সম্পন্ন করবেন।

## ৯.৩ প্রকাশনা

আয়োজক সংস্থা সর্বশেষ অবকাঠামো তালিকা জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ওয়েবসাইটে এমনভাবে উপস্থাপন করবেন যা প্রতিযোগীরা তাতে প্রবেশাধিকার পায় এবং সেটি সরাসরি ডাউনলোড করে প্রিন্ট করতে পারে ।

## ৯.৪ উপকরণ ও যন্ত্রপাতি সরবরাহ

আয়োজক সংস্থা প্রতিটি ট্রেডের দক্ষতা প্রতিযোগিতার জন্য প্রণীত অবকাঠামো তালিকা অনুযায়ী সকল প্রতিযোগীর জন্য উপকরণ, যন্ত্রপাতি ও টুলস সরবরাহ করবেন। এই উপকরণ, যন্ত্রপাতি ও টুলস নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প ও বাণিজ্য এগুলোর ব্যবহারের বিষয়ে নিশ্চিত হতে হবে এবং এটি সহজলভ্য হতে হবে।

## ৯.৫ হারানো দ্রব্যাদি

যদি প্রতিযোগিতার পূর্বে অবকাঠামো তালিকায় কোন যন্ত্রপাতি, টুলস বা উপকরণ পাওয়া না যায় তবে বিষয়টি তাৎক্ষণিকভাবে প্রধান দক্ষতা বিশেষজ্ঞের মাধ্যমে দক্ষতা উপদেষ্টাকে জানাতে হবে। দক্ষতা উপদেষ্টা প্রধান ওয়ার্কশপ ব্যবস্থাপকের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট ওয়ার্কশপের ব্যবস্থাপকে তা সংগ্রহের নির্দেশ দিবেন। আয়োজক সংস্থাকে এই বিষয়ে নিশ্চয়তা দিতে হবে যে অবকাঠামো তালিকা অনুযায়ী প্রতিটি দক্ষতা বিষয়ে প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, টুলস ও উপকরণ প্রাপ্যতা নিশ্চিত করা হয়েছে।

## ৯.৬ বিকল্প/ অতিরিক্ত উপকরণ

প্রতিযোগী প্রার্থী বিকল্প/অতিরিক্ত উপকরণ চাইতে পারেন। সেক্ষেত্রে মূল উপকরনের অতিরিক্ত উপকরনের প্রয়োজনীতার বিষয়টি সংশ্লিষ্ট দক্ষতা বিশেষজ্ঞ প্রত্যয়ন করবেন। যদি প্রতিযোগীর অসতকর্তার কারণে উপকরণ ক্ষতিগ্রস্ত হয় বা অপচয় হয় তবে প্রতিযোগীর নম্বর কমে যেতে পারে। এই ক্ষেত্রে প্রতিযোগীর নম্বর কতটুকু

কমতে পারে তা দক্ষতা বিশেষজ্ঞ নির্ধারন করবেন এবং সংশ্লিষ্ট বিচারককে নির্ধারিত ফার্মে লিখিত আকারে প্রদান করবেন।

## ৯.৭ প্রতিযোগীর ব্যক্তিগত টুলস

### ৯.৭.১ প্রতিযোগীর ব্যক্তিগত টুলস

প্রতিযোগীকেকারিগরি বর্ণনায় আছে কিন্তু অবকাঠামো তালিকায় দেখানো নেই এমন টুলস নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করে আনতে হবে এবং প্রতিযোগিতার শুরু পূর্বে সংশ্লিষ্ট দক্ষতা বিশেষজ্ঞকে প্রদর্শন করতঃ তার অনুমোদন নিতে হবে ।

তবে আয়োজক সংস্থা কর্তৃক প্রদত্ত যন্ত্রপাতিও টুলস সকল প্রতিযোগীর ব্যবহার করা বাধ্যতামূলক। আয়োজক সংস্থা কর্তৃক প্রদত্ত যন্ত্রপাতির অনুরূপ কাজের জন্য প্রতিযোগী তার নিজের পছন্দমত কোন বিকল্প যন্ত্রপাতি আনয়ন ও ব্যবহার করতে পারবে না ।

### ৯.৭.২ ব্যক্তিগত টুলবক্স

দক্ষতা প্রতিযোগিতার জন্য নির্ধারিত টেষ্ট প্রজেক্টের কারিগরি বর্ণনায় আছে প্রতিযোগিতায় ব্যবহৃত এইরূপ টুলস প্রতিযোগী কর্তৃক আনীত হলে তা যে বক্সে করে আনা হবে তাকেই টুলবক্স বলা হবে। তবে কর্তৃপক্ষ ট্রেড অনুযায়ী টুলবক্সের আকার নির্ধারণ করে দিতে পারেন ।

### ৯.৭.৩ ব্যক্তিগত টুলবক্স নীতি

প্রতিযোগীর টুলবক্স প্রতিযোগিতায় প্রভাব বিস্তার করতে পারে। কাজেই দক্ষতা বিশেষজ্ঞ প্রতিযোগীর নিজস্ব যেরূপ টুলস আনয়নের পরামর্শ দিবেন সেরূপ টুলসই ব্যক্তিগত টুলস হিসাবে আনা যাবে। বিশেষজ্ঞগন এইরূপ টুলসের বিস্তারিত বর্ণনা ও সংখ্যা লিপিবদ্ধ করবেন তবে কোন ব্রান্ড উল্লেখ করা যাবে না। এই তালিকা প্রণয়ন হয়ে গেল সহজেই টুলবক্সের আকার নির্ধারণ করা যাবে। প্রতিযোগিতার নিরপেক্ষতার স্বার্থে বর্ণিত ব্যক্তিগত টুলস এবং সংখ্যার বাইরে অতিরিক্ত কোন টুলস আনা যাবে না ।

### ৯.৭.৪ ব্যক্তিগত টুলবক্সের আকার

কারিগরি বর্ণনায় বর্ণিত টুলবক্সের আকারের চেয়ে বড়আকৃতির টুলবক্স আনা যাবে না। যেহেতু প্রতিটি ওয়ার্ক ষ্টেশন সমান সেহেতু বড় আকৃতির টুলবক্স কার্য সম্পাদনে বাধার সৃষ্টি করতে পারে। বিশেষজ্ঞগন বিষয়টি পর্যবেক্ষনে রাখবেন ।

যদি নির্ধারিত আকৃতির চেয়ে টুলবক্স বড় হয় তবে প্রতিযোগীকেতা সরিয়ে ফেলতে বলা হবে এবং প্রতিযোগিতা শেষ না হওয়া পর্যন্ত তা ওয়ার্কশপ সহকারীর তত্ত্বাবধানে থাকবে। প্রতিযোগী শুধু টুলবক্স থেকে সে টুলগুলিই রাখতে পারবেন যা কারিগরি বর্ণনায় বর্ণিত আছে। প্রতিযোগী তার নিজস্ব টুলসের নিরাপত্তার বিষয়ে সচেতন থাকবেন।

### ৯.৭.৫ কোন টুলস না থাকা

যদি প্রতিযোগীর ব্যক্তিগত টুলবক্সে কারিগরি বর্ণনায় বর্ণিত কোন টুলস না থাকে তবে তিনি বিষয়টি বিশেষজ্ঞগনকে অবহিত করবে। প্রতিযোগী অনুরূপ টুল সংগ্রহের ব্যয় বহন করিবার প্রতিশ্রুতি প্রদান করলে ওয়ার্কশপ ম্যানেজার তা সংগ্রহ করে প্রতিযোগীকে প্রদান করতে পারেন।

### ৯.৭.৬ ব্যক্তিগত টুলবক্স পরীক্ষা

প্রতিদিন বিশেষজ্ঞগন টুলবক্স পরীক্ষা করবেন। এই পরীক্ষার উদ্দেশ্য হল অননুমোদিত টুলস ব্যবহারের মাধ্যমে যাতে কোন প্রতিযোগী বিশেষ সুবিধাজনক অবস্থান তৈরি করে প্রতিযোগিতার নিরপেক্ষতা নষ্ট করতে না পারে। টুল বক্স অবশ্যই প্রতিযোগীর উপস্থিতিতে পরীক্ষা করতে হবে। কারিগরি বর্ণনায় বর্ণিত বিশেষ টুলস অনুমোদন করা যাবে।

যদি পরীক্ষায় কোন অননুমোদিত টুলস ও সন্দেহ করার মত কিছু পাওয়া যায় তবে বিশেষজ্ঞগন তাৎক্ষণিক তা প্রধান দক্ষতা বিশেষজ্ঞের নজরে আনবেন। এ বিষয়ে প্রতিযোগীর কাছে বিস্তারিত ব্যাখ্যা চাওয়া যেতে পারে । পরীক্ষায় সন্দেহজনক বা অননুমোদিত টুলস পাওয়া গেলে, তা সরিয়ে ফেলতে হবে এবং প্রতিযোগিতা সমাপ্তির পর তা প্রতিযোগীকেফেরত দেয়া হবে। বিশেষজ্ঞগন কোন অবস্থাতেই প্রতিযোগীর সঙ্গে থাকা বৈধ টুলসের ব্যাপারে কোন প্রশ্ন উত্থাপন করতে পারবেন না। প্রতিযোগীর বিষয়ে কোন ব্যবস্থা নেয়ার প্রয়োজন হলে অন্য আর একজন বিশেষজ্ঞের উপস্থিতি ও পরামর্শ লাগবে।

### ৯.৭.৭ প্রতিযোগিতা স্থল থেকে ব্যক্তিগত টুলবক্স সরানো

প্রতিযোগীদেরপ্রদত্ত যন্ত্রপাতি, টুলস ও উপকরণ সম্পূর্ণরূপে বুঝিয়ে দেয়া এবং টেষ্ট প্রজেক্টটি মূল্যায়ন সমাপ্ত না হওয়া পর্যন্ত টুলবক্স প্রতিযোগিতা স্থল থেকে সরানো যাবে না। এর কারণ হল:

- মূল্যাবান যন্ত্রপাতি বা টুলস পৃষ্ঠপোষক/সরবরাহকারীকে ফেরত দেয়ার বিষয় থাকতে পারে অথবা শিক্ষা প্রতিষ্ঠানে দান করা হতে পারে,
- সকল যন্ত্রপাতি উপকরণ সঠিকভাবে ফেরত পাওয়ার বিষয়টি নিরীক্ষিত হওয়া প্রয়োজন এবং
- সম্পাদিত টেষ্ট প্রজেক্ট এনএসডিএ বা এবং আয়োজক সংস্থার সম্পক্তি বিধায় তাদের অনুমতি ছাড়া সরানো যাবে না ।

# ১০. টেষ্ট প্রজেক্ট

## ১০.১ টেষ্ট প্রজেক্ট

প্রতিটি দক্ষতা প্রতিযোগিতায় একটি টেষ্ট প্রজেক্ট থাকবে যা বাস্তবায়নে কাজ করে একজন প্রতিযোগী ঐ ট্রেডে তার কাজের দক্ষতা প্রদর্শন করবেন।

## ১০.২ টেষ্ট প্রজেক্ট বাস্তবায়ন কাল এবং পরিধি

টেষ্ট প্রজেক্ট পূর্ণাঙ্গ বাস্তবায়নে ৬ থেকে ১৮ ঘন্টা সময় নির্ধারণ করে টেষ্ট প্রজেক্ট তৈরি করতে হবে। তবে কর্তৃপক্ষ বিষয় বস্তুর প্রয়োজন এবং সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদের সাথে আলোচনাক্রমে এই সময় কম বেশি করতে পারেন।

দক্ষতা আদর্শমান বিবরনী সাথে সম্পর্কিত কারিগরি বর্ণনা অনুযায়ী একটি কাজ বা পেশা/বৃত্তির পূর্ণাঙ্গ কর্ম সম্পাদনে সক্ষমতা প্রদর্শনের উপযোগী করেই টেষ্ট প্রজেক্ট প্রণয়ন করতে হবে। টেষ্ট প্রজেক্টপ্রণয়ন ও মূল্যায়নের নম্বর বিন্যাসের ক্ষেত্রে মনে রাখতে হবে যে, স্থান, অবকাঠামো ও সম্পদের সর্বনিম্ন ব্যবহারের মাধ্যমে প্রজেক্ট বাস্তবায়নে প্রতিযোগীগণ যেন তাদের দক্ষতার প্রতিটি আঙ্গিকে স্বকীয় বৈশিষ্ট্য তুলে ধরতে পারেন ।

## ১০.৩ উপকরণ ও যন্ত্রপাতির ব্যবহার

টেষ্ট প্রজেক্টটি এমনভাবে তৈরি করতে হবে যাতে একজন প্রতিযোগী অবকাঠামো তালিকায় বর্ণিত উপকরণ ও যন্ত্রপাতি এবং/অথবা কর্তৃপক্ষ অনুমোদিত তার নিজস্ব যন্ত্রপাতি ও টুলস ব্যবহারের মাধ্যমে প্রজেক্ট বাস্তবায়ন করতে পারে। প্রতিযোগিতার সময় যাতে অতিরিক্ত যন্ত্রপাতি ও উপকরনের চাহিদার সৃষ্টি না হয় তা নিশ্চিত করতে হবে।

## ১০.৪ টেষ্ট প্রজেক্টের ছক

এনএসডিএ কর্তৃক প্রদত্ত ছকে টেষ্ট প্রজেক্ট তৈরি করতে হবে এবং এর সকল বর্ণনা, চিত্র বা নকশা ইত্যাদি ডিজিটাল ফার্মে ওয়েবসাইটে প্রাপ্তির উপযোগী করে তৈরির বিষয়টি নিশ্চিত করতে হবে।

## ১০.৫ বিশেষজ্ঞ ব্যক্তিদের সহায়তা

টেষ্ট প্রজেক্ট, মূল্যায়ন পদ্ধতি, উপকরণ এবং যন্ত্রপাতির তালিকা তৈরিতে বিশেষজ্ঞ ব্যক্তিদের সহায়তা নেয়া যেতে পারে। তবে তৃতীয় পক্ষ কর্তৃক টেষ্ট প্রজেক্ট মূল্যায়ন পদ্ধতি ও অবকাঠামো তালিকা তৈরির ক্ষেত্রে দুইটি শর্ত পূরণ করতে হবে।

- টেষ্ট প্রজেক্ট তৈরি বিশেষজ্ঞদের বিষয়ে এনএসডিএ এর অনুমোদন নিতে হবে এবং
- বর্ণিত তৃতীয় পক্ষকে অবশ্যই প্রতিযোগিতা নিয়মাবলি এবং নৈতিকতা ও আচরণ নিয়মাবলি অধ্যয়ন করতে হবে এবংতা প্রতিফলিত করে টেষ্ট প্রজেক্ট প্রণয়নও প্রয়োজনীয় গোপনীয়তা রক্ষা করতে হবে।

তৃতীয় পক্ষ দ্বারা টেষ্ট প্রজেক্ট তৈরির ক্ষেত্রে কোন কোন দক্ষতা যাচাইয়ের বিষয় টেষ্ট প্রজেক্টে অন্তর্ভূক্ত হবে, সে বিষয়ে দক্ষতা উপদেষ্টার মতামত নিতে হবে। টেষ্ট প্রজেক্ট তৈরির ধারাবাহিক প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

## ১০.৬ বৈধকরণ

টেষ্ট প্রজেক্টটি প্রতিযোগিতার নির্ধারিত সময়ের মধ্যে আত্মস্তকরণ, বাস্তবায়ন, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা সম্ভব এইরূপ একটি প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

## ১০.৭ টেষ্ট প্রজেক্ট নির্বাচন

টেষ্ট প্রজেক্ট নির্বাচন নিম্নবর্ণিত উপায়ে হতে পারে।

- জাতীয় দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে টেষ্ট প্রজেক্ট নির্বাচন করতে পারে।
- ট্রেডটি উপর প্রশিক্ষণ পরিচালনা করে এইরূপ কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান যদি সেন্টার অব এক্সিলেন্স সনদকারী হয় তবে তাদের দায়িত্ব দেয়া যেতে পারে, অথবা বিশেষজ্ঞদের দ্বারা তৈরি একাধিক টেষ্ট প্রজেক্ট থেকে লটারীর মাধ্যমে বাছাই করা যেতে পারে।

তৃতীয় পক্ষ কর্তৃক টেষ্ট প্রজেক্ট প্রণীত হয় তবে নির্বাচন প্রক্রিয়ায় যদি বিশেষজ্ঞদের অন্তর্ভূক্তির প্রয়োজন নেই ।

## ১০.৮ গোপনীয়তা

দুইটি আদর্শকে সামনে রেখে টেষ্ট প্রজেক্ট বিতরন করা যাবে।

- যাদের জানা দরকার - শুধুমাত্র যে সমস্ত প্রতিযোগীর জন্য টেষ্ট প্রজেক্ট তৈরি করা হয়েছে শুধু তাদের কাছেই এটি জানানোর ব্যবস্থা করা।
- সঠিক সময়ে যখন তাদের জানা প্রয়োজন তখন জানানোর ব্যবস্থা করা।

প্রজেক্ট প্রণয়ন পর্যায়ে শুধুমাত্র যাদের দায়িত্ব দেয়া হয়েছে সে সমস্ত বিশেষজ্ঞরাই এর বিষয়বস্তু সম্পর্কে জানতে পারবেন। প্রধান ওয়ার্কশপ ব্যবস্থাপক টেষ্ট প্রজেক্ট এর শুধুমাত্র অবকাঠামো তালিকা সম্পর্কে জানতে পারবেন। দক্ষতা প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি জানানোর সুনির্দিষ্ট সময় নির্ধারন করবেন। প্রজেক্ট প্রণয়নের দায়িত্ব থাকা বিশেষজ্ঞরা বিষয়টির গোপনীয়তা রক্ষায় যথাযথ ব্যবস্থাগ্রহন করবেন। এর ব্যত্যয় হলে তাদের শৃংঙ্খলা ভঙ্গের দায়ে অভিযুক্ত করা যাবে।

## ১০.৯ টেষ্ট প্রজেক্টের ধরণ

### ১০.৯.১ অঘোষিত ও ঘোষিত টেষ্ট প্রজেক্ট

টেষ্ট প্রজেক্ট দুই ধরনের হতে পারে একটি ঘোষিত অন্যটি অঘোষিত। ঘোষিত টেষ্ট প্রজেক্ট এমন একটি টেষ্ট প্রজেক্ট যা প্রতিযোগিতা শুরুর একটি নির্দিষ্ট সময় পূর্বে (১৫ দিন) জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ওয়েবসাইটে প্রদর্শিত হবে। অঘোষিত টেষ্ট প্রজেক্ট পূর্বাহ্নে জানানো হবে না। প্রতিযোগিতার সময় সরাসরি প্রতিযোগীদেরহাতে দেয়া হবে। টেষ্ট প্রজেক্ট বিশেষজ্ঞদের দ্বারা প্রণয়ন করা হতে পারে, আবার কোন ব্যক্তি বিশেষের মাধ্যমেও প্রণয়ন করা হতে পারে। টেষ্ট প্রজেক্ট ডিজিটাল মাধ্যমে এনএসডিএতে প্রেরণ করতে হবে।

### ১০.৯.২ টেষ্ট প্রজেক্ট ঘোষণা ও বিতরণ

টেষ্ট প্রজেক্ট যদি পূর্বেই ঘোষণা ও বিতরন করার মত হয়, সেক্ষেত্রে নির্ধারিত সময়ে তা প্রকাশ করতে হবে। টেষ্ট প্রজেক্ট ঘোষিত হলে তাতে ২৫-৩০% পর্যন্ত প্রতিযোগিতার সময় পরিবর্তন করা যাবে। টেষ্ট প্রজেক্ট ঘোষনার উদ্দেশ্য হল প্রতিযোগীদেরতৈরি করা তবে প্রতিযোগিতার সময় অবিকল তা থাকবে না। কোন কোন ক্ষেত্রে প্রতিযোগিতা আয়োজনকারীরা ২৫-৩০% পরিবর্তন করে থাকে। আবার কোন কোন ক্ষেত্রে বিশেষজ্ঞরা ২৫-৩০% পরিবর্তন করে দিতে পারে। অঘোষিত টেষ্ট প্রজেক্ট পূর্বে ওয়েবসাইটে দেয়া হবে না। প্রতিযোগিতার সময় প্রতিযোগীকে দেয়া হয়। এটা একত্রে দেয়া হতে পারে অথবা প্রতিদিনের কাজের অংশটুকু প্রতিদিন দেয়া হতে পারে । মডিউলার টেষ্ট প্রজেক্টে প্রজেক্টটিকে কয়েকটি মডিউলে ভাগ করা হয়। প্রত্যেকটি মডিউল এক একটি স্বয়ংসম্পূর্ণ অংশ। মডিউলার টেষ্ট প্রজেক্ট সাধারণতঃ যেদিন যে মডিউল দরকার হয় সেদিন সে মডিউল দেয়া হয়। যখনই টেষ্ট প্রজেক্ট বিতরণ করা হউক না কেন এর সাথে অবশ্যই নম্বর শীট থাকতে হবে।

### ১০.৯.৩ যন্ত্রপাতি ও উপকরণের সাথে সমাস্যতা

ঘোষিত টেষ্ট প্রজেক্ট বিশেষজ্ঞরা প্রশয়ন করুক বা কোন ব্যক্তি বিশেষ প্রণয়ন করুক না কেন প্রতিযোগিতার সময় সেটি ২৫-৩০% পরিবর্তন করার ক্ষেত্রে মনে রাখতে হবে এই পরিবর্তন যেন প্রতিযোগীকে দেয়া যন্ত্রপাতি ও উপকরণের সাথে সমাজ্ঞস্যপূর্ন হয়। ২৫-৩০% পরিবর্তনের বিষয়টি সকল প্রতিযোগীকে অবহিত করতে হবে। এই পরিবর্তিত অংশের জন্য প্রতিযোগিরা শুধু নম্বর শীট পাবেন কিন্তু বিস্তারিত পরিমাপ এবং বিচারিক বিবেচনা (Judgement) সমৃদ্ধ নম্বর পত্র পাবেন না । পরিবর্তিত অংশের ক্ষেত্রে বিশেষজ্ঞরা নম্বরশীট প্রণয়ন করে প্রদান করবেন। নম্বরশীট অনুমোদনে সংখ্যা গরিস্টের মতামত প্রধান্য পাবে।

### ১০.৯.৪ অঘোষিত প্রজেক্টে বিশেষজ্ঞদের অনুমোদন

অঘোষিত প্রজেক্টের ক্ষেত্রে যদি ব্যক্তি বিশেষের দ্বারা প্রজেক্ট এবং নম্বর সূচী তৈরি করা হয় তবে বিশেষজ্ঞদের তা অনুমোদনের প্রয়োজন হবে না।

## ১০.১০ মূল্যায়ন প্রক্রিয়া অবহিতকরন

টেষ্ট প্রজেক্ট এবং মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে প্রতিযোগীদের অবহিতকরনে দুই ধরনের টেষ্ট প্রজেক্ট প্রণয়ন করা যায়:

- একটি পূর্ণাঙ্গ টেষ্ট প্রজেক্ট যাতে কোন মডিউল থাকে না এবং পুরো কাজ শেষ না হওয়া পর্যন্ত মূল্যায়ন করে নম্বর দেয়া যায় না।
- অপরটি হলো একটি প্রজেক্ট কয়েকটি পৃথক মডিউল বা অংশে বিভক্ত। প্রতিটি মডিউল স্বয়ংসম্পূর্ণ এবং পৃথক পৃথক মূল্যায়ন সম্ভব। একজন প্রতিযোগীসম্পূর্ণ কাজ শেষ করতে না পারলেও কোন মডিউল সমাপ্ত করলে সে মডিউলের নম্বর পাবে।

### ১০.১০.১ নন মডিউলার প্রজেক্ট

প্রতিযোগীকেএকটি পূর্ণাঙ্গ প্রজেক্ট আনুষাঙ্গিক তথ্য উপাত্ত এবং মূল্যায়ন পদ্ধতিসহ বিস্তারিত প্রতিযোগিতা শুরুর পূর্বে প্রদান করা হবে। প্রতিযোগীএই ক্ষেত্রে প্রজেক্ট পড়া ও বুঝার জন্য একঘন্টা সময় পাবেন এবং কোন

প্রশ্ন থাকলে বিশেষজ্ঞদের কাছে জিজ্ঞসা করতে পারবেন। এই সময়টুকু প্রতিযোগিতার সময় হিসাবে গণ্য হবে না।

### ১০.১০.২ মডিউলার প্রজেক্ট

মডিউলার প্রজেক্টের ক্ষেত্রে প্রতিযোগীকেএক একটি করে মডিউল এবং এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি ও মূল্যায়ন পদ্ধতি প্রতিযোগিতা শুরুর পূর্বে প্রদান করা হবে। বিশেষজ্ঞগন প্রদত্ত মডিউলের বিষয়বস্তু ব্যাখ্যা করবেন। প্রতিযোগীরা কোন প্রশ্ন থাকলে বিশেষজ্ঞদের প্রশ্ন কতে পারবেন। প্রতি মডিউলে এজন্য ১৫ মিনিট করে নূন্যতম সময় দিতে হবে। এই সময় প্রতিযোগিতার সময় হিসাবে গন্য হবে না ।

### ১০.১০.৩ নম্বর পত্র প্রদান করা

পরিমাপ ও বিচারিক বিবেচনা সমৃদ্ধ নম্বর পত্র প্রতিযোগীদেরপরিমাপ ও বিচারিক বিবেচনা সমৃদ্ধ নম্বর পত্র প্রদান করা হবে না ।

## ১০.১১ মেধা স্বত্ব

যে সমস্ত প্রজেক্ট গ্রহণ করা হবে এবং প্রতিযোগিতার জন্য উপযোগী বিবেচিত হবে তা এনএসডিএ এর সম্পত্তি হিসাবে পরিগণিত হবে। এই প্রজেক্টগুলি এনএসডিএ তার ভবিষ্যৎ ব্যবহারের জন্য সংরক্ষণ করতে পারবে এবং এর মেধাস্বত্বের অধিকারী হবে।

## ১০.১২ বাস্তবায়িত টেষ্ট প্রজেক্ট সমূহের নিরাপত্তা

কোন প্রতিযোগিতার মূল্যায়ন কার্যক্রম সম্পূর্ণভাবে সমাপ্ত ঘোষনা না করা পর্যন্ত টেষ্ট প্রজেক্টগুলি সরিয়ে নেয়া বা ধ্বংশ করা যাবে না। মূল্যায়ন সমাপ্তির পর প্রধান ওয়ার্কশপ ব্যাবস্থাপকের নির্দেশ অনুযায়ী টেষ্টে প্রজেক্ট সরিয়ে নেয়া বা ধ্বংশ করা যাবে। প্রতিযোগিতার সমাপ্তি ঘোষনার পূর্বে প্রতিযোগিতার ওয়ার্কশপ বা ওয়ার্ক স্টেশন সরানো বা ধ্বংস করা যাবে না। ওয়ার্কশপ বা ওয়ার্কস্টেশন সরানোর বা ভেঙ্গে ফেলার ক্ষেত্রে সেক্টর ওয়ার্কশপ ব্যাবস্থাপকের উপস্থিতি/ অনুমোদন আবশ্যক।

## ১০.১৩ সমাপ্ত প্রকল্পের মালিকানা

যে সমস্ত টেস্ট প্রজেক্ট জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আওতায় তৈরি হবে তা এনএসডিএ’র সম্পত্তি বলে বিবেচিত হবে। এগুলি বিক্রয় বা অন্য কোনভাবে ব্যবহারের ক্ষেত্রে এনএসডিএ এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

# ১১. মূল্যায়ন ও নম্বর প্রদান

## ১১.১ টেষ্ট প্রজেক্ট মূল্যায়ন ও নম্বর প্রদান

### ১১.১.১ মূল্যায়ন ও নম্বর প্রদান

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার জন্য টেষ্ট প্রজেক্ট মূল্যায়ন ও নম্বর প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ন। প্রতিযোগীতার মূল উদ্দেশ্য হল সমাজের কাছে কোন বৃত্তি/পেশার উৎকষ্যতা প্রদর্শন এবং ভবিষ্যৎ কর্মীদের উক্ত বৃত্তি/পেশায় আগ্রহী করা। এই জন্য খুবই বিচক্ষনতার সাথে মূল্যায়ন করতে হবে। পুরো মূল্যায়ন প্রক্রিয়াটি এমনভাবে কাঠামোবদ্ধ করা প্রয়োজন যাতে ইচ্ছা করলেও কেউ অন্যায়, ক্ষমতার অপব্যবহার বা পক্ষপাতিত্ব করতে না পারে। প্রতিটি কাজের একটি আদর্শমান থাকা প্রয়োজন এবং সেটি হতে হবে শিল্প বা বাণিজ্য বাস্তবে প্রয়োগকৃত সর্ব্বোচ্য আদর্শমান। সঠিকভাবে মূল্যায়নে সহায়তার জন্য কাজের আদর্শমানের বিবরনী, নম্বর প্রদান স্কীম, টেষ্ট প্রজেক্ট, প্রতিযোগিতা তথ্য পদ্ধতি ইত্যাদি প্রণয়ন করে বিচারকদের তা ব্যবহারের জন্য প্রশিক্ষিত করে তোলা ।

### ১১.১.২ মূল্যায়ন (Assessment)

মূল্যায়ন একটি ব্যাপক বিষয় এবং নম্বর প্রদানও এর অন্তর্ভূক্ত। এটি যে পদ্ধতি ব্যবহার করা হয়েছে এবং যে ফল পাওয়া গেছে উভয়কেই বিবেচনায় নেয় ।

### ১১.১.৩ নম্বর প্রদান (Marking)

নম্বর প্রদান হল কোন কাজের পরিমাপ করার স্কেল বা নম্বর। যেমন মন্দ গড়গড়তা ভাল উত্তম অতিউত্তম অথবা ৫, ১০ বা ১ ২ ৩ ৪ ৫ স্কেল।নম্বর (মার্ক) এটি হল ফল প্রকাশের প্রকটি সামগ্রিক পদ্ধতি। যেমন ১০০ এর মধ্যে ৬০ নম্বর পাওয়া। জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় এটি হবে একজন প্রতিযোগীর প্রাপ্ত নম্বরের সমষ্টি। অথবা প্রাপ্ত ফলের সংখ্যাতাত্ত্বিক প্রকাশ ।

## ১১.২ দক্ষতা আদর্শমানসমূহের বিবরনী

প্রতিটি দক্ষতা প্রতিযোগিতার জন্য দক্ষতার আদর্শমানের বিবরনী থাকতে হবে। এটির অন্তর্ভূক্ত হল সংশ্লিষ্ট বৃত্তি/পেশার উপর জ্ঞান, অভিজ্ঞতা, বোধগম্যতা, দক্ষতা এবং কর্মক্ষমতার বিবরন যা বৃত্তি/পেশার কর্মসম্পাদনের সর্বোচ্চ উৎকর্ষতা প্রদর্শনের অন্তর্নিহিত শক্তি। এই আদর্শমান দেশীয় ও আন্তজার্তিক পরিমন্ডলে ভিন্ন হতে পারে।মূল্যায়নের সময় টেষ্ট প্রজেক্টের নম্বর বিন্যাসে ঐ বিষয়গুলিরই মূল্যায়ন করা হয় যা আদর্শমান বিবরনীতে উল্লেখ থাকে। দক্ষতা প্রতিযোগিতার সীমাবদ্ধতা মাথায় রেখে আদর্শমান বিবরনী যতটুকু সম্ভব বিস্তৃত করা দরকার।

### ১১.২.১ গুরুত্ব (Weightings)

দক্ষতা আদর্শমান বিবরনীকে বিভিন্ন অংশে ভাগ করা যায়। প্রতিটি অংশের তুলনামূলক গুরুত্ব অনুযায়ী নম্বর প্রদান করা হয়। এতে বিভিন্ন অংশের নম্বর বিভিন্ন হয় এবং বাস্তবায়ন কাল ও ভিন্ন ভিন্ন হয়। এই পদ্ধতিতে প্রতিটি অংশ সমগ্র কর্ম কান্ডের মধ্যে কতটুকু গুরুত্ব বহন করে সেটি বিবেচনা করা হয়। এটি শতভাগ নিখুঁত নাও হতে পারে এবং ব্যক্তি বিশেষের বিবেচনা ও বিচক্ষণতার তারতম্যের কারনে এতে কিছু বিচ্যুতি থাকতে পারে।

আদর্শমান বিবরনীকে গুরুত্বের ভারসাম্যের ক্ষেত্রে ৫% পর্যন্ত বিচ্যুতি গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়। এনএসডিএ এই বিচ্যুতি অনুমোদন করবে এবং ভারসাম্য রক্ষার বিষয়টি পরীক্ষা করে দেখবে।

## ১১.৩ মূল্যায়ন পদ্ধতি (Assessment Methods)

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার মূল্যায়ন দুটি পদ্ধতি ব্যবহার করা হবে একটি হল পরিমাপ ও অন্যটি বিচারিক বিবেচনা ।

### ১১.৩.১ পরিমাপ (Measurement)

যে সমস্ত কাজ কোন যন্ত্রপাতি বা টুলস বা পরিমাপক দ্বারা পরিমাপ করা যায়, তার নির্ভুলতা প্রমাণের জন্য এই পদ্ধতি ব্যবহার করা যায়। যেমন বস্তুটির আকার ৫ ফুট ৪ ইঞ্চি হওয়ার কথা। এক্ষনে এটি পরিমাপ করে যদি ৫ ফুট ৪ ইঞ্চি পাওয়া যায় তাহলে প্রতিযোগীপূর্ণ নম্বরই পাবে। এটিই হল পরিমাপ। এর ফলে একথা বলা সুযোগ থাকবে না যে বস্তুটি ৫ ফুট এর উপরে বা ৫ ফুট ৪ ইঞ্চি হতে পারে। অর্থাৎ এতে কোন দ্ব্যর্থকতা থাকবে না ।

#### *বিচারিক বিবেচনা (Judgement)*

এই ক্ষেত্রে বাস্তব পরিমাপের পরিবর্তে গুণাগুণ বিচার করা হয়। যেমন পোষাকটি দেখতে সুন্দর। এই সুন্দরের পরিমাপ বিভিন্ন ব্যক্তির কাছে বিভিন্নরূপ হতে পারে। যেমন পরিচ্ছনতা বিচার করার ক্ষেত্রে সংখ্যা দ্বারা বুঝানো সম্ভব নয়, এটি বিচারিক বিবেচনার মাধ্যমে করা যায়। তবে এই বিবেচনাকে বস্তুনিষ্ঠ ও পক্ষপাতহীন করার জন্য কিছু মানদন্ড (Benchmark) নির্ধারন করা হয়। ঐ মানদন্ডের আলোকেই বিচারিক বিবেচনাকালীন কোন বিষয় মূল্যায়ন করা হয়।

পরিমাপ বা বিচারিক বিবেচনা উভয় মূল্যায়ন পদ্ধতিতেই সংশ্লিষ্ট বিষয়ে শিল্প ও বাণিজ্যে প্রচলিত সংশ্লিষ্ট বৃত্তি/পেশার সর্বোচ্চ উৎকর্ষতাকে মানদন্ড নির্ণয়ের ক্ষেত্রে বিবেচনায় নেয়া হয়। শিল্প বা বাণিজ্যে বৃত্তি/পেশার নূন্যতম গ্রহণযোগ্য মানকে এক্ষেত্রে ভিত্তিমান হিসাবে বিবেচনা করা হয়।

### ১১.৩.২ ভিত্তি মানদন্ড (Benchmarks)

নম্বর শীটে সকল মূল্যায়নের ক্ষেত্রে ভিত্তি মানদন্ড নির্ধারণ করা হয়। এটির সাথে শিল্প বাণিজ্যে প্রচলিত বাস্তব কর্ম পদ্ধতির মিল থাকতে হবে। এটি হবে দক্ষতা বিচারের সর্বনিম্ন নম্বর। সকল প্রতিযোগীকেএই ভিত্তি মানদন্ডের ভিত্তিতেই বিচার করতে হবে। দক্ষতা প্রতিযোগিতার ক্ষেত্রে প্রতিযোগীদেরমূল্যায়নে অবস্থান ক্রমবিন্যাশ পদ্ধতি (Ranking) কোন অবস্থাতেই অনুমোদনযোগ্য নয়। সকল মূল্যায়নই তা পরিমাপ বা বিচারিক বিবেচনা যেভাবেই করা হউক না কোন তাকে সংখ্যায় রূপান্তর করে প্রতিটি প্রতিযোগীর প্রাপ্ত নম্বর একত্রিত করে ফলাফল নির্ধারণ করা হবে ।

## ১১.৪ মূল্যায়ন প্রশিক্ষন

জাতীয় দক্ষতা প্রতিযোগিতাকে বস্তুনিষ্ঠ, পক্ষপাতহীন এবং মৌলিক করার লক্ষ্যে অন্য যে কোন প্রতিযোগিতার চেয়ে অধিকতর কাঠামোবদ্ধ করা হয়েছে। যে ভাবে মূল্যায়ন পদ্ধতি সাজানো হয়েছে, সচারচর সেভাবে মূল্যায়ন করা হয় না। একারনে উচ্চমানের মূল্যায়ন, পেশাধারী মূল্যায়ন ও প্রতিযোগিতার বিধি বিধান অনুযায়ী মূল্যায়ন

নিশ্চিত করার লক্ষ্যে মূল্যায়ন কাজে নিয়োজিত বিশেষজ্ঞ ও বিচারকদের বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন। এই প্রশিক্ষন দুটি স্তরে হবে।

- একটি হল সামষ্ঠিক (Generic Training) প্রশিক্ষণ।
- অন্যটি হল ট্রেড ভিত্তিক বিশেষোয়িত প্রশিক্ষণ ।

এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রতিযোগিতা শুরুর আগের সপ্তাহে প্রদান করা যেতে পারে। এই প্রশিক্ষণের অন্তর্ভূক্ত বিষয় হবে;

- মূল্যায়ন, নম্বর প্রদান পদ্ধতি এবং এদের সংগঠন বাস্তবায়ন ও প্রত্যাশিত ফলাফলের গুরুত্ব অবহিত করন
- সংশ্লিষ্ট বিষয়বস্তুর উপরবিশেষজ্ঞদের অভিজ্ঞতা ও দক্ষতার মান যাচাই করা
- বিচারকগন মূল্যায়ন ও নম্বর প্রদানের ক্ষেত্রে ভিত্তিমান ও সংক্রান্ত বিভিন্ন নির্দেশক সঠিকভাবে বুঝতে ও ব্যাখ্যা করতে সক্ষম কিনাযাচাই করা এবং
- বিবদমান ঘাটতিগুলি পূরণ করা ।

## ১১.৫ নম্বর বিন্যাস (Marking Scheme)

কারিগরি বর্ণনার অন্তর্ভূক্ত আদর্শমান বিবরনীর ভিত্তিতে একটি টেষ্ট প্রজেক্ট এর যে বৈশিষ্ট নির্ধারিত আছে, সে অনুযায়ী মূল্যায়নের মান সাজানোকে নম্বর বিন্যাস বলা যায় ।

### ১১.৫.১ নম্বর পরিমাপক (Scale of Marks)

দক্ষতা প্রতিযোগিতার প্রতিটি প্রতিযোগিতায় একটি নম্বর পরিমাপক থাকবে। জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় এই পরিমাপকটি হল ১০০ নম্বর।

### ১১.৫.২ মূল্যায়ন মানদন্ড (Assessment Criteria)

নম্বর বিন্যাসের মূল হল মূল্যায়ন মানদন্ড। সাধারনত এটি ৫টি থেকে ৯টি মূল্যায়ন মানদন্ড নির্ধারণ করা হয়। টেষ্ট প্রজেক্টের অথবা আদর্শমান বিবরণীর বিভিন্ন অংশের মতই মূল্যায়ন মানদন্ড হতে হবে এমন কোন ধরাবাধা নিয়ম নেই। যেভাবেই মূল্যায়ন মানদন্ড সাজানো হউকনা কেন প্রতিটি উপ বৈশিষ্টের গুরুত্ব অনুযায়ীই নম্বর বিন্যাস করতে হবে।

### ১১.৫.৩ উপ বৈশিষ্ট্য (Sub Criteria)

নম্বর বিন্যাসের মূল বিষয় হল মূল্যায়ন বৈশিষ্ট্য। একটি বৈশিষ্ট্যকে সঠিকভাবে মূল্যায়নের লক্ষ্যে উহাকে বিভিন্ন উপ বৈশিষ্ট্যে বিভক্ত করা হয়। এ সমস্ত উপ বৈশিষ্ট্যের আবার বিভিন্নরূপ গুরুত্ব থাকে। কোনটি খুবই গুরুত্বপূর্ন আবার কোনটি স্বল্প গুরুত্বপূর্ণ। মূল্যায়নের সুবিধার্থে একটি মূল্যায়ন বৈশিষ্ট্যকে যে নম্বর প্রদান করা হয় তাই গুরুত্ব অনুসারে উপ বৈশিষ্ট্য সমূহের মধ্যে ভাগ করে দেয়া হয় ।

### ১১.৫.৪ উপ বৈশিষ্ট্যের উপাদান (Aspect of Sub Criteria)

একটি উপ বৈশিষ্ট্যকে এক বা একাধিক উপাদানেভাগ করা হয়। উপ বৈশিষ্ট্যের জন্য নির্ধারিত নম্বর উপাদনের গুরুত্ব অনুযায়ী বিভাজিত হয়। এই উপাদানগুলিকে পরিমাপক বা বিচারিক বিবেচনা আকারে শ্রেনীবিন্যাস করার মাধ্যমে মূল্যায়ন পদ্ধতিতে প্রতিফলিত হয়। একটি উপাদান অবশ্যই দক্ষতার আদর্শমানের বিবরনীর একটি শাখার সাথে এবং (শুধুমাত্র একটি) শাখার সাথে সম্পর্কিত থাকবে। নম্বর বিন্যাসের জন্য আদর্শ উপাদান হল ১০০-২০০ টি উপাদান। এটি ৫০ এর নীচে বা ৩০০ বেশী করা ঠিক হবে না।

### ১১.৫.৫ নম্বর বন্টন (Allocation of Marks)

কোন উপাদানই ২ নম্বরের বেশী প্রাপ্য হবে না (অর্থাৎ মোট নির্দিষ্ট নম্বরের ২% এর সমান)।

### ১১.৫.৬ নম্বর ফরম তৈরি ও ব্যবহার

প্রতিটি উপ বৈশিষ্ট্যের জন্য একটি নম্বর ফরম তৈরি করা হবে। এই ফরমটিতে সকল উপাদন অন্তর্ভূক্ত থাকবে তা সেটি পরিমাপকের ভিত্তিতে বা বিচারিক বিবেচনার ভিত্তিতে অথবা উভয় ভিত্তিতে মূল্যায়িত হউক না কেন।

- প্রতিটি উপ বৈশিষ্ট্যের মূল্যায়নের ভিত্তি নম্বরসহ উপাদনের বিস্তারিত বর্ণনা থাকবে ।
- প্রতি উপাদানের সর্বোচ্চ নম্বর।
- নম্বর নির্ধারনের দায়িত্ব প্রাপ্তরা উপ বৈশিষ্ট্যের মূল্যায়নের দায়িত্বে থাকবেন ।

### ১১.৫.৭ মার্কিং ফরম ল্যান্ডস্কেপ ফরমেট উপস্থাপন

মাকিং ফরমটি ল্যান্ডস্কেপ ফরমেটে উপস্থাপন করা অধিকতর যুক্তিযুক্ত। এতে একদিকে উপ বৈশিষ্ট্যের উপাদানসমূহ ও অন্যদিকে প্রতিযোগীদেরনাম প্রদর্শন করা যাবে। ফলে একটি কাগজে অনেক প্রতিযোগীর নম্বর লিপিবদ্ধ করা যাবে। পরিমাপ বা বিচারিক বিবেচনা যে কোন মূল্যায়নের প্রাপ্ত নম্বর লিপিবদ্ধ করতে ল্যান্ডস্কেপ মাকিং ফরমের ব্যবহার সুবিধাজনক।আয়োজক সংস্থা কর্তৃক প্রতিযোগিতার নিয়মাবলি অনুযায়ী মূল্যায়ন ব্যবস্থায় পুরোপুরি সন্তুষ্ট না হলে এনএসডিএ মূল্যায়ক নিয়োগ করতে পারবে। এ কাজটি দুই ভাবে করা যায়।

- আদর্শমান নির্ধারণ করে এবং বিচারক প্যানেলকে বিশেষায়িত পরামর্শ দিয়ে অথবা
- সরাসরি মূল্যায়ন ও নম্বর প্রদানের দায়িত্ব দিয়ে ।

তবে এক্ষেত্রে এনএসডিএকে নিজস্ব ব্যবস্থাপনায় স্বাধীন বিচারকদের প্রশিক্ষন ও অবহিতকরন কর্মসূচি গ্রহণ করতে হবে এবং বিচারকদের থেকে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা নিয়মাবলি ও নৈতিকতা ও আচরন নিয়মাবলির প্রতিপালনের বিষয়ে লিখিত অঙ্গীকার গ্রহণ করতে হবে।

## ১১.৬ পরিমাপকের ভিত্তিতে মূল্যায়ন পদ্ধতি

বিচারক প্যানেল পরিমাপের ভিত্তিতে দুইভাবে নম্বর দিতে পারে যেমন-

- বাইনারি পদ্ধতি: হাঁ বা না অর্থাৎ হাঁ হলে পূর্ণ নম্বর না হলে শূন্য,
- পূর্ণ থেকে নির্ধারিত মানদন্ডের যাবে তুলনা করে গঠিত নম্বর ছক (Scale) অনুযায়ী নম্বর প্রদান ।

পূর্বেই আলোচিত হয়েছে যে মার্কিং পদ্ধতি অবশ্য শিল্প ও বাণিজ্যে বাস্তবায়িত সর্বোচ্চ উৎকর্ষতার নিরিখে প্রণীত মানদন্ডের ভিত্তিতে নির্ধারিত হবে।

### ১১.৬.১ বিচারিক বিবেচনার ভিত্তিতে মূল্যায়ন পদ্ধতি

বিচারিক বিবেচনার সংক্রান্ত উপদানসমূহ মূল্যায়নের ক্ষেত্রে ০-৩ স্কেলের মধ্যে উপাদানটির নম্বর বিন্যাস করতে হবে এবং এ বিষয়ে বিশেষজ্ঞ প্যানেলকে একমত হতে হবে। এক্ষেত্রে নিম্নরূপে ০-৩ পর্যন্ত চারটি ধাপকে চিহ্নিত করতে হবে;

- শিল্প বা বাণিজ্য খাতে অনুরূপ কাজের জন্য নির্ধারিত মানদন্ডের নীচে হলে,
- নির্ধারিত মানদন্ডের অনুরূপ হলে,
- নির্ধারিত মানদন্ডের চেয়ে ভাল হলে ও
- শিল্পের প্রত্যাশিত মানদন্ডের চেয়ে ও কাজের মান অত্যান্ত উচ্চমানের ও অনুকরনীয় হলে।

এটি মানদন্ডে নম্বর বিন্যাসের একটি সূত্র। এই সূত্রের সাথে তুলনা করে নম্বর বিন্যাস করা সহজ হয়। যদি কাগজে নম্বর প্রদানের পদ্ধতি অনুসরণ করা হয় তবে,

- প্রতিযোগীর সম্পাদিত কাজের প্রতিটি উপ বৈশিষ্টের চিহ্নিত উপাদনের ভিত্তিতে প্রত্যেক বিচারক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবে,
- তিনজন বিচারক আলাদা আলাদাভাবে প্রদত্ত নম্বর যোগ করে গড় নম্বর বের করতে হবে। এটিই হবে প্রতিযোগীর প্রাপ্ত নম্বর ।

### ১১.৬.২ প্রতিযোগীর উপস্থিতিতে মূল্যায়ন

প্রতিযোগীর উপস্থিতে কোন মূল্যায়ন বা নম্বর প্রদান নয় কারিগরি বর্ণনায় ভিন্নরূপ কিছু বর্ণিত না থাকলে কোন অবস্থাতেই প্রতিযোগীর উপস্থিতিতে মূল্যায়ন করা বা নম্বর প্রদান করা যাবে না ।

### ১১.৬.৩ মূল্যায়ন কার্য সামাধা

প্রতিযোগীতার কাঠামো অনুযায়ী প্রতিদিন বা কোন নির্দিষ্ট সময় ভিত্তিক কাজের ক্ষেত্রে দিন বা সময় অতিক্রান্ত হওয়ার পরপরই মূল্যায়ন কার্য সামাধা করতে হবে। মূল্যায়ন শেষে অবশ্যই ট্রেড বিচারকগন স্ব স্ব মূল্যায়ন ফরম সেক্টর বিচারকের নিকট দাখিলাত্তে প্রতিযোগিতাস্থল ত্যাগ করবেন।

## ১১.৭ মার্ক চূড়ান্তকরণ

- সেক্টর বিচারক প্রথমে প্রত্যেক বিচারকের নম্বর প্রদান ফরম পরীক্ষা করবেন এবং ত্রুটি বিচ্যুতি পাওয়া গেলে তা সংশোধন করে নির্ধারিত ফরমে মার্ক টেবুলেশন করবেন এবং স্বল্পতম সময়ের মধ্যে তা প্রধান দক্ষতা বিচারকের নিকট উপস্থাপন করবেন ।
- প্রধান দক্ষতা বিচারক টেবুলেশনকৃত ফরমটি প্রথমে পরীক্ষা করবেন এবং কোন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হলে সেক্টর বিচারক দ্বারা তা সংশোধন করাবেন ।

- প্রধান বিচারক চূড়ান্তকৃত ফলাফল সঠিক থাকার বিষয়টি নিশ্চিত করে ট্রেড ভিত্তিক ফলাফল ঘোষণার অনুমতির জন্য দক্ষতা উপদেষ্টার অনুমতি চাইবেন।
- দক্ষতা উপদেষ্টা ট্রেড ভিত্তিক ফলাফল যাচাই করে সঠিক থাকলে ফলাফল ঘোষণার জন্য প্রধান বিচারকে সম্মতি দিবেন।

# ১২.বিরোধ ও বিরোধ নিস্পত্তি

## ১২.১ ঘোষিত ফলাফলে আপত্তি

ঘোষিত ফলফলে কোন প্রতিযোগীর আপত্তি থাকলে তিনি লিখিতভাবে তা অবহিত করতে পারেন ।

### ১২.১.২ রিভিউ প্যানেল গঠন

এইরূপ আপত্তির ক্ষেত্রে দক্ষতা উপদেষ্টা প্রধান বিচারকের নেতৃত্বে তিন সদস্যের একটি রিভিউ প্যানেল গঠন করতে পারেন। তবে শর্ত থাকে যে, মূল ট্রেড বিচারকদের রিভিউ প্যানেলের সদস্য করা যাবে না।

### ১২.১.৩ আপীল কমিটিতে উপস্থাপন

রিভিউ প্যানেলের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে প্রতিযোগীর আপত্তি নিষ্পত্তির বিষয়টি আপীল কমিটিতে উপস্থাপনের ব্যবস্থা করার জন্য দক্ষতা উপদেষ্টা প্রধান দক্ষতা বিচারককে নির্দেশ দিতে পারেন।

### ১২.১.৪ আপীল কমিটি সিদ্ধান্ত চূড়ান্ত

ঘোষিত ফলাফলে আপত্তির ক্ষেত্রে আপীল কমিটি সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হবে।

## ১২.২ আপীল কমিটি গঠন

আপীল কমিটি এনএসডিএ কর্তৃক গঠিত হবে তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণকারী বিচারক বা রিভিউ প্যানেলের সদস্যরা এতে অন্তর্ভূক্ত হবেন না। তবে আপীল কমিটির কার্যক্রমের সময় তাদের উপস্থিতি থাকতে আপীল কমিটি নির্দেশ দিতে পারেন।

# ১৩. যোগাযোগ স্থাপন ও প্রচার

## ১৩.১ প্রচার কার্যক্রম বাস্তবায়ন

আয়োজক সংস্থা জাতীয় দক্ষতা প্রতিযোগিতার ব্যাপক প্রচারের নিমিত্ত এর প্রচার-প্রচারণা কৌশল নির্ধারণ করবে এবং প্রয়োজনীয় উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করবে। এ লক্ষ্যে কেন্দ্রীয় পর্যায়ে একটি প্রচার-প্রচারণা কমিটি এবং মাঠ পর্যায়ে অনুরূপ কমিটি গঠন করার মধ্য দিয়ে প্রচার কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রচার-প্রচারণা কমিটি প্রচার-প্রচারণা কৌশল নির্ধারণ করবে। স্থানীয় পর্যায়ের প্রচার-প্রচারণার ক্ষেত্রে কেন্দ্রীয় কমিটির নিকট হতে প্রচার-প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ গ্রহণ পূর্বক মাঠ পর্যায়ের প্রচারণা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

## ১৩.২ প্রচার মাধ্যম

প্রতিযোগিতার ব্যাপক প্রচারের লক্ষ্যে যেসকল মাধ্যমে প্রচার কাজ বাস্তবায়ন করা যায় তা নিম্নরূপ:

- গণমাধ্যম (ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া, সিনেমা হল, রেডিও)
- সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, হোয়াটস-অ্যাপ, ইউটিউব, ইনস্টাগ্রাম, গেমস সফটওয়্যার, ওয়েব সাইট, ই-মেইল, মোবাইল ম্যাসেজ ইত্যাদি)
- ট্রেডিশনাল মিডিয়া (বিলবোর্ড, গ্রাফিতি, পোস্টার, ব্যানার, লিফলেট, স্টিকার, মাইকিং, লোকাল ক্যাবল টিভি, কমিউনিটি রেডিও ইত্যাদি)
- প্রতিযোগিতাস্থল (ইভেন্ট প্লেস) ব্রান্ডিং

### ১৩.২.১ প্রচারের বিষয়বস্তু (কনটেন্ট):

- বিজ্ঞপ্তি (প্রতিযোগিতা সংক্রান্ত যে কোন আপডেট)
- প্রমোশনাল (প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ বিজ্ঞাপন/প্রমোশনাল)
- সোশ্যাল মিডিয়া কনটেন্ট (প্রতিযোগিতায় উদ্বুদ্ধকরণ এবং আপডেট)
- ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিযোগিতার প্রমোশনের জন্য টিভি ফিলার, আর্টিকেল, সংবাদ, বিজ্ঞাপন ইত্যাদি কনটেন্ট এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা
- প্রতিযোগিতা স্থলে (ইভেন্ট প্লেস) ব্রান্ডিংয়ের কনটেন্ট তৈরি করা (ব্যানার, ফ্ল্যায়ার, বরফি ইত্যাদি)
- পোস্টার, বিলবোর্ড, লিফলেট ইত্যাদির কনটেন্ট তৈরি করা
- প্রতিযোগিতার তথ্য ও নিয়মাবলি (সংক্ষিপ্ত আকারে) সংক্রান্ত ব্রুশিওর

### ১৩.২.২ ব্রান্ড এ্যাম্বাসেডর-এর মাধ্যমে প্রচার:

প্রতিযোগিতার ব্যাপক প্রচার নিশ্চিত করার লক্ষ্যে একজন জনপ্রিয় তারকা ব্যক্তিত্বকে ব্রান্ড এ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত করা যেতে পারে। দেশের খ্যাতনামা ক্রিকেটার, অভিনয় শিল্পী, সংগীত শিল্পী কিংবা সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিকে ব্রান্ড এ্যাম্বাসেডর নিযুক্ত করার মধ্য দিয়ে প্রচার-প্রচারণা কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।

## ১৩.৩ তথ্য বিনিময় (তথ্য অধিকার)

প্রচার-প্রচারণা কমিটি প্রতিযোগিতা সংক্রান্ত 'তথ্য ভান্ডার' বা 'ইনফরমেশন হাব' হিসেবে কাজ করবে। জাতীয় এবং স্থানীয় পর্যায়ে গঠিত এ কমিটিসমূহ প্রতিযোগিতা সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্য-উপাত্ত সরবরাহ করবে। এ কমিটি, স্টেক হোল্ডার্স, প্রতিযোগী এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সংগে লিয়াজো রক্ষা করার মাধ্যমে তথ্য আদান-প্রদানসহ প্রচারের ব্যবস্থা নেবে।

## ১৩.৪ প্রচার কৌশল

- প্রেস মিট-এর মাধ্যমে প্রচার কার্যক্রম শুরু করা
- দেশব্যাপী প্রতিযোগিতা শুরুর পূর্বে কমপক্ষে একমাস প্রচার কার্যক্রম পরিচালনা
- প্রতিযোগিতা চলাকালীন প্রচার কার্যক্রম অব্যহত রাখা
- চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতার আলাদা প্রচার কার্যক্রম বাস্তবায়ন
- প্রতিযোগিতার প্রাথমিক রাউন্ড থেকে চূড়ান্ত পর্যন্ত ইভেন্টগুলোর সমন্বয়ে টিভি শো নির্মাণ ও প্রচার
- প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো আপডেট-এর প্রেস বিজ্ঞপ্তি/ সংবাদের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ।

## ১৩.৫ ডকুমেন্টেশন

প্রচার-প্রচারণা কমিটি মাঠ পর্যায়ের প্রতিযোগিতা হতে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের ডকুমেন্টেশনের দায়িত্ব পালন করবে। পেশাদার ভিডিও ডকুমেন্টারি নির্মাতা এবং পেশাদার আলোকচিত্রীর মাধ্যমে এই ডকুমেন্টেশনের কাজ সম্পন্ন করতে হবে।

প্রতিযোগিতায় প্রাপ্ত ডকুমেন্টগুলো দিয়ে পরবর্তীতে নিম্নরূপ প্রকাশনা তৈরি করতে হবে।

ক) স্মরণিকা (কাগজে মুদ্রিত ও পিডিএফ)

খ) অডিও-ভিজ্যুয়াল (এভি)

উক্ত ডকুমেন্টসগুলো এনএসডিএ-এর ওয়েব সাইট, পোর্টাল ও সোশ্যাল মিডিয়ায় আপলোড করার মাধ্যমে প্রচার এবং এই ইভেন্টটি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতিযোগিতার মাঠ পর্যায় থেকে জাতীয় পর্যায়ে অর্থাৎ এ প্রতিযোগিতার সকল প্রকার (ভিডিও, অডিও, মুদ্রিত) ডকুমেন্টের সত্ত্বাধিকারী হবে এনএসডিএ।

## ১৩.৬ প্রচারণার বাজেট

কেন্দ্রীয় প্রচার-প্রচারণা কমিটি সার্বিক (কেন্দ্র ও মাঠ পর্যায়ের) প্রচার-প্রচারণার নিমিত্ত সম্ভাব্য খরচের একটি বাজেট তৈরি করবেন এবং কেন্দ্রীয় মূল কমিটির নিকট পেশ করবেন। অনুমোদিত বাজেটের মধ্যে প্রচার-প্রচারণার সকল ব্যয় সম্পন্ন করতে হবে।

## ১৩.৭ প্রচার-প্রচারণার সুষ্ঠু বাস্তবায়নে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীর সহায়তা :

যেহেতু এটি দেশব্যাপি একটি বিশাল আয়োজন এবং এর সাথে এনএসডিএ-এর সুনাম জড়িত, একই সাথে এটি এনএসডিএ-এর ব্রান্ডিংয়ের একটি বড় সুযোগ, তাই এর প্রচার-প্রচারণা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পেশাদার কোনো ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীর সহায়তা নেওয়া যেতে পারে।

## ১৩.৮ অংশীদারিত্ব:

দেশব্যাপি আয়োজিত এই বড়মাপের ইভেন্টটির ব্যাপক মিডিয়া কাভারেজ পেতে দেশের জনপ্রিয় এক/ একাধিক সরকারি/ বেসরকারি টিভি চ্যানেল ও জাতীয় পর্যায়ের দৈনিক পত্রিকার সাথে পার্টনাশীপ করা যেতে পারে। একইভাবে দেশের প্রাইভেট রেডিও চ্যানেলের সঙ্গেও অংশীদারিত্বের ভিত্তিতে মিডিয়া কাভারেজ পাওয়া যেতে পারে। এছাড়াও, দেশের শীর্ষস্থানীয় শিল্প প্রতিষ্ঠান হতে স্পন্সর নেওয়া যেতে পারে। প্রচার-প্রচারণা বাস্তবায়ন কমিটি কেন্দ্রীয় কমিটির অনুমোদনপূর্বক এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

## ১৩.৯ দর্শনার্থীদের অবহিতকরন

আয়োজক সংস্থা জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় আগত দর্শনার্থীদের প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রদানের ব্যবস্থা করবে।

## ১৩.৯ ছবি ও ভিডিও ধারণ

প্রতিযোগিতা শুরুর পূর্বে প্রতিযোগিতাস্থল, হল, ভবন এবং ওয়ার্কশপ এর ছবি তোলা বা ভিডিও ধারন করা সকলের জন্য নিষিদ্ধ। শুধুমাত্র জাতীয় দক্ষতা প্রতিযোগিতার অফিশিয়াল মিডিয়া এই ধরনের ছবি ও ভিডিও ধারণ করতে পারবেন। প্রতিযোগিতা চলাকালীন সময়ে প্রধান ওয়ার্কশপ ব্যাবস্থাপকের অনুমোদনক্রমে সংবাদ মাধামের জন্য ভিডিও ধারন ও ছবি তোলা যেতে পারে। সংবাদ মাধ্যম বহিঃভূত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছবি তোলা বা ভিডিও ধারনের ক্ষেত্রে পূর্বানুমতি গ্রহণ করবেন।

প্রতিযোগিতা চলাকালীন অবস্থায় টেষ্ট প্রজেক্ট বা উহার কোন অংশের ভিডিও ধারণ বা ছবি তোলা যাবে না এবং প্রতিযোগীকে প্রশ্ন করা বা সাক্ষাৎকার গ্রহণ করা যাবে না বা সাক্ষাৎ গ্রহণের উদ্যোগ নেয়া যাবে না। দর্শক সাধারণ তাদের নিজস্ব ব্যক্তিগত আগ্রহের ক্ষেত্রে ছবি তুলতে বা ভিডিও ধারণ করতে পারবেন তবে কোন অবস্থাতেই ওয়ার্কশপে থাকা কারো সাথে শেয়ার করতে পারবেন না ।

## ১৩.১০ ছবি ও ভিডিও ধারণে অন্যান্য অনুমোদিত ব্যক্তি

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার বিষয় সংশ্লিষ্ট কারিগরি বর্ণনায় সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকলে প্রতিযোগিতার ওয়ার্কশপ বা ওয়ার্কশপের ভিতরে থাকা ওয়ার্কস্টেশনের ছবি তোলা বা ভিডিও ধারন করা যাবে। দক্ষতা উপদেষ্টা ও এনএসডিএর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এই ক্ষেত্রে প্রয়োজনীয় অনুমতি দিতে পারবেন। প্রতিযোগিতা চলাকালীন সময়েও সংশ্লিষ্ট কারিগরি বর্ণনায় উল্লেখ থাকা সাপেক্ষে প্রতিযোগিতার ওয়ার্কশপ বা ওয়ার্কস্টেশনের ছবি তোলা বা ভিডিও ধারন করা যাবে।

# ১৪. পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ

## ১৪.১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ

আয়োজক সংস্থা পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত জাতীয় নীতিমালা ও বিধি বিধানের আলোকে প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় আবকাঠামো নির্মাণ, যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা নিশ্চিত করবে। এই লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশিকা প্রণয়ন, সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান, প্রতিযোগিতাস্থল অডিট করানো ইত্যাদি কার্যক্রম প্রতিযোগিতা শুরুর পূর্বেই সমাধা করবে।

### ১৪.১.১ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকা

আয়োজক সংস্থা প্রতিযোগিতাস্থল নিরাপদ করার জন্য পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত পৃথক নির্দেশিকা প্রণয়ন করবেন। এ সংক্রান্ত নির্দেশিকায় প্রতিযোগিতার প্রতিটি বিষয়ে সাধারণ নির্দেশনার বাইরে বিশেষ কোন পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি থাকলে তাও অন্তর্ভূক্ত করতে হবে।

### ১৪.১.২ প্রশিক্ষণ ও বাস্তবায়ন

প্রতিযোগিতার সময়ে ওয়ার্কশপে কর্মরত ব্যবস্থাপক, সহকারী, বিশেষজ্ঞ, বিচারক ও প্রতিযোগীদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা নির্দেশনার উপর প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে যাতে সামগ্রিকভাবে একটি নিরাপদ পরিবেশে প্রতিযোগিতার আয়োজন নিশ্চিত করা যায়।

### ১৪.১.৩ মান নিরীক্ষা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও স্থাপনা পরিদর্শন অধিদপ্তর কর্তৃক নিয়োজিত একজন কর্মকর্তার মাধ্যমে প্রতিযোগিতাস্থলের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রস্তুতি নিরীক্ষা করে নিতে হবে ।

## ১৪.২ বিশেষজ্ঞ, দক্ষতা উপদেষ্টা, মান নিরীক্ষক ও ওয়ার্কশপ ব্যবস্থাপকদের ভূমিকা

### ১৪.২.১ বিশেষজ্ঞদের ভূমিকা

প্রতিযোগিতা পরিচালনায় নিয়োজিত বিশেষজ্ঞগণ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করবেন।

### ১৪.২.২ দক্ষতা উপদেষ্টার ভূমিকা

দক্ষতা উপদেষ্টা, মান নিরীক্ষক ও ওয়ার্কশপ ব্যবস্থাপকগণ দক্ষতা প্রতিযোগিতার পরিকল্পনা, বাস্তবায়ন ও সমাপ্তিকরণ প্রতিটি পর্যায়ে পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে নিম্নের বিধিবিধান প্রতিপালন করবেন।

- জাতীয় বিধি বিধান সমূহ
- দক্ষতা প্রতিযোগিতার পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্তবিধি বিধান সমূহ এবং
- কারিগরি বর্ণনায় দক্ষতা বিষয় সংশ্লিষ্ট পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত প্রয়োজনীয়তা সমূহ ।

#### ১৪.২.৩ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ভূমিকা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত নির্দেশিকা অনুমোদন করবেন এবং তা অনুসরনের জন্য জাতীয় দক্ষতাপ্রতিযোগিতা সংশ্লিষ্ট সকল অংশীজনদের নির্দেশনা প্রদান করবেন।

#### ১৪.২.৪ মান নিরীক্ষকের ভূমিকা

মান নিরীক্ষক প্রতিযোগিতার জন্য তৈরি করা প্রতিটি ওয়ার্কশপ ও যন্ত্রপাতি নিরীক্ষা করে সেগুলি জাতীয় দক্ষতা নিয়মাবলিতে বর্ণিত বিধি বিধান অনুযায়ী বাস্তবায়িত হয়েছে কিনা তা নিরীক্ষা করবেন।

### ১৪.৩ প্রতিযোগীদের টুলসের নিরাপত্তা পরীক্ষা বাধ্যতামূলক

প্রতিযোগিতায় প্রতিযোগীদের নিজস্ব কোন বৈদ্যুতিক টুলস আনার বিধান থাকলে, প্রতিযোগিতা শুরুর পূর্বে তা অবশ্যই পরীক্ষা করে নিতে হবে।

### ১৪.৪ ওয়েবসাইটে প্রকাশ

জাতীয় দক্ষতা প্রতিযোগীতার পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত নির্দেশিকা প্রতিযোগিতা শুরুর ন্যূনতম ১৫ দিন পূর্বে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ওয়েবসাইট ও এনএসডিএ এর ওয়েব সাইটে প্রকাশ করতে হবে যাতে সংশ্লিষ্ট সকলে এ বিষয়ে যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে পারে ।

### ১৪.৫ টেকসই নীতি (Sustainability Policy)

#### ১৪.৫.১ পলিসি এবং প্রক্রিয়া

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার সকল কার্যক্রম টেকসই করার লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের টেকসই লক্ষ্যমাত্রার নীতিসমূহ অনুসরণ করতে হবে। প্রতিযোগিতার প্রতিটি স্তরে “5R” আদর্শ অনুসরণ করতে হবে।

R - Reduce (হ্রাসকরন)
R – Recycle (পূর্ন ব্যবহারোপযোগী করা)
R - Reuse (পুনঃব্যবহার করা)
R - Reformat (পূন আকৃতি প্রদান)
R – Regenerate (পূন জীবনদান করা)

#### ১৪.৫.২ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আয়োজন প্রতিষ্ঠান

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নেতৃত্বে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা সংশ্লিষ্ট মৌলিক টেকসই আদর্শ বাস্তবায়নের সকল উদ্যোগে আয়োজক সংস্থা সহায়তা করবে।

#### ১৪.৫.৩ আয়োজক প্রতিষ্ঠানের দায়িত্ব

আয়োজক সংস্থা অবকাঠামো নির্মাণ, প্রতিযোগিতাস্থল নির্ধারনসহ প্রতিযোগিতা সংশ্লিষ্ট সকল কর্মকান্ডে টেকসই আদর্শ অনুসরণ ও উদ্যোগকে সহায়তা দিবে।

### ১৪.৫.৪ বিশেষজ্ঞদের দায়িত্ব

জাতীয় দক্ষতা প্রতিযোগিতার টেষ্ট প্রজেক্ট উন্নয়ন নির্বাচন ও চূড়ান্তকরণ এবং অবকাঠামো তালিকা প্রনয়ণে, প্রতিযোগিতার পরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়নে নিয়োজিত বিশেষজ্ঞগন টেকসই আদর্শ অনুসরণ ও বাস্তবায়নে সচেষ্ট থাকবেন।

# ১৫. জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী (National skills standards specification (NSSS))

## ১৫.১ জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী

কারিগরি ও বৃত্তিমূলক পেশায় কর্মদক্ষতা বা নৈপূণ্যের সর্বোচ্চ উৎকর্ষতা অর্জনের সর্বোত্তম কার্যপদ্ধতি সংক্রান্ত কোন একটি বিষয়ে সুনির্দিষ্ট জ্ঞান বোধগম্যতা ও নৈপূণ্য সংক্রান্ত বিস্তারিত বর্ণনাই হলো জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী। এটি জাতীয় ও আন্তার্জাতিক পরিমন্ডলে সংশ্লিষ্ট শিল্প এবং বানিজ্যে ব্যবহৃত উত্তম কর্ম ভূমিকা বা বৃত্তিমূলক পেশার সাথে সম্পর্কিত।

জাতীয় দক্ষতার আদর্শমান বিবরনী জাতীয় পর্যায়ে এইরূপ নৈপূণ্যের/দক্ষতার প্রদর্শনের উদ্দেশ্যে জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় এই আদর্শমান ব্যবহার করা হবে। কোন একটি পেশা বা বৃত্তিকে উচ্চতার কোন শিখরে নেয়া সম্ভব আদর্শমন মান বিবরন তাই প্রদর্শন করে। কাজেই এই আদর্শমান বিবরনীকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতার প্রশিক্ষণ ও প্রস্তুতির একটি নির্দেশিকাও বলা চলে।

দক্ষতা প্রতিযোগিতার ক্ষেত্রে কার্য সম্পাদন মূল্যায়নে ভিত্তিতেই একজন প্রতিযোগীর সংশ্লিষ্ট কাজের জ্ঞান, বোধগম্যতা ও দক্ষতার মূল্যায়ন করা হয়। তবে যদি কোন নির্দিষ্ট বিষয়ে জ্ঞান ও বোধগম্যতার জন্য ভিন্নতর পরীক্ষা নেয়ার প্রয়োজন হয় তবে পৃথক পরীক্ষার আয়োজন করা যায়। যেমন অধিক সংখ্যক প্রতিযোগীর ক্ষেত্রে বাছাই পর্বে সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান ও বোধগম্যতা বিষয়টি জানার জন্য আলাদা লিখিত পরীক্ষা বা মৌখিক পরীক্ষা নেয়া হয়।

আদর্শমান বিবরনী যাতে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে স্বীকৃত শিল্প-বাণিজ্যে ও সেবা সংশ্লিষ্ট কর্ম সম্পাদনের পরিপূর্ণ প্রতিফলন ঘটে সেদিকে লক্ষ্য রেখে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এটি প্রণয়ন করে থাকে। এই কাজে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শিল্প দক্ষতা পরিষদ কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে নিয়োজিত জাতীয় প্রতিষ্ঠানসমূহ এই সমস্ত কাজে নিয়োজিত বিশেষজ্ঞ প্যানেল ও অন্যান্য অংশীজন সমন্বয়ে দীর্ঘ পরীক্ষা নিরীক্ষা ও যাচাই বাছাইরেই মাধ্যমে চূড়ান্ত করে থাকে।

## ১৫.২ আদর্শমান বিবরনী অংশ

আদর্শমান বিবরনী কয়েকটি সুনির্দিষ্ট অংশে বিভক্ত এবং প্রতিটি অংশের গুরুত্ব অনুযায়ী পৃথক পৃথক শিরোনাম ও নম্বর প্রদান করা হয়। প্রতিটি অংশের গুরুত্ব অনুযায়ী ১০০ নম্বরের মধ্যে শতকরা কত নম্বর যৌক্তিক তা নির্ধারন করা হয়। একে গুরুত্বপ্রদত্ত নম্বর বলা হয়, যেগুলির যোগফল ১০০ ।

বিবরনী অনুযায়ী, তবে পাঁচ শতাংশ (৫%) পর্যন্ত বিচ্যুতি গ্রহণযোগ্য তবে খেয়াল রাখতে হবে তা যেন আদর্শমান বিবরনীতে প্রদত্ত গুরুত্বকে নষ্ট না করে ।

## ১৫.৩ আদর্শমান বিবরনী অনুযায়ীনম্বর বিন্যাস

আদর্শমান বিবরনী অনুযায়ী বাস্তবতার নিরিখে নম্বর বিন্যাস ও টেষ্ট প্রজেক্টে নম্বরের একটি নমুনা দেয়া হল:

| ক্র. নং | সেকশন বা অংশ | তুলনামূলক গুরুত্ব (%) |
|---|---|---|
| ১ | কাজের কাঠামো ও ব্যবস্থাপনা | ৫ |
| ২ | যোগাযোগ আন্ত ব্যক্তিকে সম্পর্ক | ৫ |
| ৩ | নকশা প্রণয়ন ও বিশ্লেষণ | ৫ |
| ৪ | সমস্যা সমাধান, উদ্ভাবন এবং সৃজনশীলতা | ৫ |
| ৫ | বিন্যস্তকরণ ও পরিমাপ | ৫ |
| ৬ | প্রস্তুতি | ১৫ |
| ৭ | কর্ম সম্পাদন | ৪০ |
| ৮ | মান | ২০ |
| | মোট | ১০০ |

# ১৬. প্রতিযোগিতায় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ

একটি ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম বড় আকারের ইভেন্টগুলো পরিকল্পনা, সংগঠন এবং কার্যকর করতে আয়োজক সংস্থাকে সাহায্য করে। ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম যে কোনো ইভেন্টের স্থান নির্বাচন, সার্বিক ব্যবস্থাপনা, যোগাযোগ পরিকল্পনা, অডিও-ভিজ্যুয়াল উপস্থাপন, ব্র্যান্ডিং ও বিপণন, অংশগ্রহণকারীদের নিবন্ধন এবং অন-সাইট ব্যবস্থাপনা সহ বিস্তৃত পরিসরের পরিষেবা প্রদান করে।

প্রতিযোগিতার ব্যপ্তি ও পরিসর বিবেচনা করে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ১৬.১ অনুচ্ছেদে বর্ণিত প্রয়োজনীয়তা বিবেচনা করে প্রয়োজনবোধে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা আয়োজনে ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ করতে পারবে।

## ১৬.১ দক্ষতা প্রতিযোগিতায় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মের প্রয়োজনীয়তা

ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম একটি ইভেন্টের সমস্ত দিক সুসংগঠিত, দক্ষ এবং কার্যকারিতা নিশ্চিত করার জন্য দায়ী থাকে। তারা ক্লায়েন্টদের সাথে তাদের চাহিদা এবং লক্ষ্যগুলি বোঝার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করে এবং প্রদত্ত বাজেট ও সময়সীমার মধ্যে সেই লক্ষ্যগুলো পূরণ করার জন্য একটি ব্যাপক পরিকল্পনা তৈরি করে।

***প্রতিযোগিতা আয়োজনের দক্ষতা***

ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মগুলোর সাধারণত যে কোনো ইভেন্ট পরিকল্পনা এবং সম্পাদনে দক্ষতা রয়েছে। তাদের লজিস্টিক পরিচালনা, জনবলের মধ্যে সমন্বয় সাধন এবং প্রতিযোগিতার সমস্ত দিক সুচারুভাবে চলা নিশ্চিত করার অভিজ্ঞতা থাকে।

***রিসোর্সের ব্যবহার***

ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মগুলোর একটি প্রতিযোগিতা আয়োজনের করার জন্য প্রয়োজনীয় রিসোর্স রয়েছে। তারা প্রতিযোগিতায় প্রয়োজনীয় সরঞ্জাম এবং প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণসহ ব্যয় নির্বাহ করার স্পনসরশিপ বা অংশীদারিত্ব নিশ্চিত করতে সহায়তা করতে পারে।

***সময় সাশ্রয়***

একটি দক্ষতা প্রতিযোগিতার ব্যবস্থা করা সময়সাপেক্ষ হতে পারে, বিশেষ করে যদি আয়োজক সংস্থার পূর্ব অভিজ্ঞতা না থাকে। একটি ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম আয়োজক সংস্থার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে সময়ের মধ্যে প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা করতে পারে।

***ব্র্যান্ডিং এবং মার্কেটিং***

ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম আয়োজক সংস্থাকে দক্ষতা প্রতিযোগিতার জন্য ব্র্যান্ড এবং বিপণন কৌশল তৈরি করতে সহায়তা করতে পারে। যাদের জন্য এ প্রতিযোগিতা তাদের সফল সম্পৃক্ততা নিশ্চিতকরণসহ দেশব্যাপী একটি সফল মার্কেটিং এর ব্যবস্থা করতে পারে।

## ১৬.২ ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগে বিবেচ্য বিষয়

ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগে নিম্নলিখিত কিছু বিষয় বিবেচনায় আনা যেতে পারে।

### ১৬.২.১ কাজের পরিধি

চুক্তিতে স্পষ্টভাবে কার্যপরিধির একটি রূপরেখা দিতে হবে। এর মধ্যে স্থান নির্বাচন, বিপণন ব্যবস্থাপনা, লজিস্টিক পরিকল্পনা, অডিও-ভিজ্যুয়াল উপস্থাপন, ব্র্যান্ডিং এবং বিপণন, অংশগ্রহণকারীদের নিবন্ধন এবং অন-সাইট ব্যবস্থাপনা সহ সম্পৃক্ত সকল বিষয়ের বিস্তারিত উল্লেখ থাকতে হবে।

১৬.২.২ ডেলিভারেবলস

দক্ষতা প্রতিযোগিতায় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম আয়োজক সংস্থাকে কী কী বিষয় প্রদান করবে (যেমন- বিশদ কর্মপরিকল্পনা, বাজেট, সময়রেখা, বিপণন পরিকল্পনা এবং ইভেন্ট-পরবর্তী প্রতিবেদন ইত্যাদি) তা চুক্তিতে উল্লেখ থাকতে হবে। এছাড়া প্রতিযোগিতা আয়োজন শেষে কোন কোন বিষয়ের মালিকানা আয়োজক সংস্থার হাতে থাকবে তা সুস্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ থাকতে হবে।

১৬.২.৩ অর্থপ্রদানের শর্তাদি

চুক্তিতে মোট ফি, অর্থপ্রদানের সময়সূচী এবং যে কোনো অতিরিক্ত খরচ হতে পারে সেগুলি সহ অর্থপ্রদানের শর্তাবলীর রূপরেখা দিতে হবে।

১৬.২.৪ মেধাস্বত্ব

চুক্তিতে প্রতিযোগিতার নাম, লোগো এবং ব্র্যান্ডিং সামগ্রীর মালিকানার মতো যেকোন মেধাস্বত্ব সম্পত্তির ব্যাপারগুলো আয়োজক সংস্থার মালিকানায় রাখতে হবে।

১৬.২.৫ চুক্তি সমাপ্তি এবং বাতিলকরণ

চুক্তিতে অবসান এবং বাতিলকরণের বিধান অন্তর্ভুক্ত করতে হবে। এক্ষেত্রে নোটিশ সময়কাল এবং প্রযোজ্য যেকোন ফি উল্লেখ করতে হবে।

১৬.২.৬ গোপনীয়তা

চুক্তিতে গোপনীয়তার বিধান অন্তর্ভুক্ত করতে হবে। যে কোনো সংবেদনশীল বা গোপনীয় তথ্য গোপন রাখার বিষয়সমূহ উল্লেখ করতে হবে।

# সহায়ক পুস্তকসমূহ


1. *International Standard Classification of Occupations (ISCO)*. (n.d.). Retrieved from ilo.org
2. *Skills Canada National Competition - Competition Rules.* (২০২২).
3. *Skills Competition Wales.* (২০২১-২২).
4. *WorldSkills International Competition Rules.* (২০২১).
5. *WorldSkills UK Competition Rules.* (২০২২).
6. *worldskills.org*. (n.d.). Retrieved from WorldSkills International.
7. *জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন.* (২০১৮).
8. *জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা.* (২০২০).
9. *জাতীয় দক্ষতা প্রতিযোগিতার নিয়মাবলি.* (২০১৯-২০).